উল্লেখ্য, আল-শাবাব মুজাহিদিন মাদাক রাজ্যে তাদের সামরিক অভিযান সম্প্রসারণ করছেন।

পাকিস্তান | পাক-তালিবানের তীব্র হামলায় কমান্ডারসহ ১১ মুরতাদ সৈন্য নিহত

পাকিস্তানের কুররাম এজেন্সিতে দেশটির মুরতাদ সেনাবাহিনী ও পাক-তালিবানের মাঝে গত ১১ জুলাই বড়ধরণের একটি হামলার ঘটনা ঘটেছে। এতে এক কমান্ডারসহ মুরতাদ সেনাবাহিনীর ১১ সদস্য নিহত হয়েছে।

রিপোর্ট অনুযায়ী গত সোমবার, পাকিস্তানের সেন্ট্রাল কুররাম এজেন্সির খুদাত খাইল এলাকায় তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) অবস্থানে অভিযান পরিচালনা করতে মুরতাদ সেনারা এলাকাটিতে ভারী হাতিয়ার নিয়ে প্রবেশ করে। সেনাদের আগমনের পূর্বেই মুজাহিদগণ এই সংবাদ পেয়ে যান এবং পজিশন ঠিক করে সেনাদের আসার অপেক্ষা করতে থাকেন।

মুরতাদ সেনারা এলাকাটিতে প্রবেশ করা মাত্রই মুজাহিদগণ অভিযানের জন্য আসা সৈন্যদের টার্গেট করে তীব্র আক্রমণ চালান।

এসময় তালিবানদের একটি দল সৈন্যদের টার্গেট করে বন্দুক দিয়ে আক্রমণ করেছিল এবং অন্য গ্রুপটি হ্যান্ড গ্রেনেড এবং ভারী অস্ত্র দ্বারা আক্রমণ করেছিল। মুজাহিদদের এই চতুর্মুখী তীব্র হামলার সামনে টিকতে না পেরে মুরতাদ সৈন্যরা এলাকাটি ছেড়ে পালিয়ে যায়।

কিন্তু ততক্ষণে পাক-তালিবানের হামলায় ১ কমান্ডারসহ ১১ মুরতাদ সৈন্য নিহত হয়েছে, আহত হয়েছে আরও বেশ কিছু সৈন্য। অভিযান শেষে মুজাহিদগণ মুরতাদ বাহিনী থেকে বিভিন্ন মডেলের ৩ টি G3 রাইফেল গনিমত লাভ করেন।

স্বাস্থ্যমন্ত্রীর ভাগ্নের দুর্নীতিতে অনন্য রেকর্ড

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের বালিশকাণ্ডকেও হার মানিয়ে এবার নতুন রেকর্ড গড়ল গোপালগঞ্জের শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ।

শেখ মুজিবুর রহমানের মায়ের নামে নির্মিত হাসপাতালটির জন্য স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেকের ভাগ্নে রায়ান হামিদের প্রতিষ্ঠান ‘বিডি থাই কসমো লিমিটেড’ প্রতিটি ১৫ ওয়াট বাথরুম লাইটের দাম ধরেছে ৩ হাজার ৮৪৩ টাকা। যার প্রকৃত বাজারদর হচ্ছে ২৫০ থেকে সর্বোচ্চ ৫৫০ টাকা। ১৮ ওয়াট এলইডি সারফেস ডাউন লাইট ৩ হাজার ৭৫১ টাকা। যার বাজারদর হচ্ছে সর্বোচ্চ ৭০০-৮০০ টাকা। এলইডি ওয়াল স্পট লাইট ১ হাজার ৫৫৬ টাকা।যার বাজারদর হচ্ছে ৩০০-৪০০ টাকা।

এমন ২৪ ধরণের বৈদ্যুতিক সরঞ্জাম সরবরাহ করবে স্বাস্থ্যমন্ত্রীর ভাগ্নে রায়ানের প্রতিষ্ঠানটি।

খোঁজ নিয়ে জানা গেছে, বাংলাদেশের সরকারি নির্মাণ প্রকল্প বাস্তবায়নের সাথে জড়িত, গণপূর্ত অধিদপ্তরের (PWD) তালিকাভুক্ত না হয়েও ভাগ্নে রায়ান হামিদের প্রতিষ্ঠান ‘বিডি থাই কসমো লিমিটেড’ জনগণের টেক্সের টাকায় নির্মিত হাসপাতালটির জন্য এসব সরঞ্জাম সরবরাহ করছে।

জানা যায়, হাসপাতালের ক্রয় সংক্রান্ত টেন্ডার প্রতিযোগিতায় অংশ নেয়া অন্যান্য প্রতিষ্ঠানের প্রস্তাবিত দাম ভাগ্নে রায়ানের থেকে তুলনামূলক অনেক কম; কিন্তু স্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের ফরমায়েশ মাফিক মন্ত্রী জাহিদ মালেকের ভাগ্নে রায়ানকে চড়া মূল্যে উক্ত প্রকল্পে কাজ দেয়া হয়েছে বলে সংশ্লিষ্ঠরা দাবী করেন।

উল্লেখ্য, ভাগ্নে রায়ান প্রতি ১৫ ওয়াট বাথরুম লাইটের যে দাম ৩ হাজার ৮৪৩ টাকা ধরেছে, উক্ত দরপত্রে আরেকটি প্রতিষ্ঠান ৭১৫ টাকায় প্রতিটি লাইট দিতে চাইলেও সেটি গ্রহণ করেনি জাহিদ মালেকের স্বজনপ্রীতিগ্রস্ত স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।

উল্লেখ্য, ত্বাগুত কর্তৃক পরিচালিত বাংলাদেশের রাষ্ট্রীয় কেনাকাটায় এই ধরনের পুকুর চুরি স্বাভাবিক হয়ে গেছে।

দেশের বৃহত্তম নির্মাণাধীন মেগা প্রকল্প রূপপুর পারমাণবিক বিদ্যুত প্রকল্পে কর্মকর্তা-কর্মচারীদের বসবাসের জন্য আসবাবপত্র ও অন্যান্য জিনিসপত্র ক্রয়ে লাগামছাড়া দুর্নীতির তথ্য ফাঁস হয় ২০১৯ সালের মে মাসে, যেখানে প্রতি বালিশ বাবদ ব্যয় উল্লেখ করা হয়েছিল ৬ হাজার ৭১৭ টাকা। প্রতি বালিশের মূল্য ধরা হয় ৫ হাজার ৯৫৭ টাকা আর সেই বালিশ নিচ থেকে ফ্ল্যাটে ওঠাতে ৭৬০ টাকা খরচ দেখানো হয়েছিল।

তারপর, মেডিকেল যন্ত্র ও সরঞ্জাম কেনাকাটায় দুর্নীতির নতুন নজির গড়ে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতাল।

ওই হাসপাতালের ১৬৬টি যন্ত্র ও সরঞ্জাম কেনাকাটার দুর্নীতি পূর্বের রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রকের রেকর্ডকেও ছাড়িয়ে যায়। যেখানে, ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালের অব্যবহৃত ইনটেনসিভ কেয়ার ইউনিটের (আইসিইউ) জন্য একেকটি পর্দা কেনা হয়েছিল প্রায় সাড়ে ৩৭ লাখ টাকা ব্যায়ে, যার প্রকৃত বাজার মূল্য হবে ২০ হাজার টাকা। ১০ হাজার টাকার ডিজিটাল ব্লাড প্রেশার মেশিন কেনা হয়েছিল ১০ লাখ ২৫ হাজার টাকায়। এভাবে প্রায় ১৮৬ গুণ পর্যন্ত বেশি দাম দিয়ে হাসপাতালটির ১৬৬টি যন্ত্র ও সরঞ্জাম সরবরাহ করেছিল অনিক ট্রেডার্স নামে এক কুখ্যাত ঠিকাদারি প্রতিষ্ঠান।

সোমালিয়া | আল-শাবাব মুজাহিদদের হামলায় ২৩ এরও বেশি মুরতাদ সৈন্য হতাহত

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ার যুবা, মোগাদিশু, লোয়ার শাবেলে ও বে-বুকুল রাজ্যজুড়ে মুরতাদ সোমালি সেনাদের বিভিন্ন অবস্থানে হামলা চালিয়েছেন আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে ২৩ এরও বেশি মুরতাদ সৈন্য হতাহত হয়েছে।

রিপোর্ট অনুযায়ী, গত ১৩ জুলাই সোমালিয়ার যুবা রাজ্যের কাদা শহরে সোমালিয় মুরতাদ সেনাদের একটি ঘাঁটিতে কড়া হামলা চালিয়েছেন শাবাব মুজাহিদিন। যার ফলশ্রুতিতে ৮ মুরতাদ সৈন্য নিহত এবং আরও ১০ এরও বেশি মুরতাদ সৈন্য আহত হয়।

একই রাজ্যের বারসাঞ্জুনী শহরে মুরতাদ সেনাবাহিনীর আরও একটি ঘাঁটিতে তীব্র হামলা চালিয়েছেন মুজাহিদগণ। এতে বেশ কিছু সৈন্য হতাহত হলেও এর সুনির্দিষ্ট কোন পরিসংখান জানা যায় নি।

এদিকে রাজধানী মোগাদিশুর স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের সেক্রেটারি নূর জান্দাককে টার্গেট করেও একটি সফল হামলা চালিয়েছেন মুজাহিদগণ। রাজধানীর ইয়াকশীদ জেলায় মুজাহিদদের উক্ত টার্গেট কিলিং হামলায় সে ঘটনাস্থলেই মারা যায়।

অপরদিকে দক্ষিণ সোমালিয়ার বুলুমির শহরের উপকণ্ঠে ক্রুসেডার উগান্ডার সামরিক কাফেলায় একটি সফল হামলা চালিয়েছেন আল-শাবাব মুজাহিদিন। এতে এক সৈন্য নিহত হওয়া ছাড়াও আরও ২ এরও বেশি সৈন্য আহত হয়েছে।

এমনিভাবে সোমালিয়ার দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগর এবং বে-বুকুল রাজ্যের দিনসুর শহরে ক্রুসেডার ইথিওপীয় বাহিনীর একটি সামরিক ঘাঁটিতে ১০ টি মর্টার শেল দিয়ে তীব্র হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে ক্রুসেডার বাহিনীর অনেক সৈন্য হতাহত ও সরঞ্জামাদি ক্ষতির সম্মুখীন হয়েছে।

কাশ্মীরে মালাউন বাহিনীর গুলিতে ৩ স্বাধীনতাকামী নিহত

ভারত দখলকৃত কাশ্মীরে ৩ স্বাধীনতাকামী মুসলিমকে গুলি করে হত্যা করেছে দেশটির মালাউন বাহিনী।

এ নিয়ে কাশ্মীরে বছরের প্রথম ছয় মাসে ৫৩ জন স্বাধীনতাকামীকে শহিদ করেছে বলে পুলিশ জানিয়েছে। এ সময় আরও ১১০ জনকে গ্রেফতার করা হয়েছে। খবর স্পুটনিকের।

ভারত দখলকৃত জম্মু-কাশ্মীরের পুলওয়ামা জেলায় বুধবার ভোরে মালাউন বাহিনীর সঙ্গে কথিত বন্দুকযুদ্ধে আইজাজ আলিয়াস আবু হুরাইরা এবং তার দুই সহযোগী নিহত হয়েছেন বলে পুলিশের এক মুখপাত্র গণমাধ্যমকে নিশ্চিত করেছে।

কাশ্মীর পুলিশের আইজি বিজয় কুমারও এক বিবৃতিতে এ তথ্য নিশ্চিত করেছে।

এ ঘটনার পর সীমান্ত শহর পুলওয়ামায় মুসলিমদের আন্দোলনের ভয়ে কারফিউ জারি এবং ইন্টারনেট সেবা বন্ধ করে রেখেছে।

মুসলিমবহুল এলাকাতেও RSSসন্ত্রাসীদের শাখা খোলার ঘোষণা দিয়েছে মোহন ভাগবত; বাংলায় তিনভাগে চলবে প্রচার

ভারতের চিত্রকূটে চলা পাঁচ দিবসিয় সংঘ শিবিরে আরএসএস সন্ত্রাসীদের প্রধান মোহন ভাগবত প্রকাশ্যে ঘোষণা করেছে যে, আগামী দিনে মুসলিম বহুল এলাকাতেও সংঘের শাখা খোলা হবে। মধ্যপ্রদেশ এবং উত্তর প্রদেশের সীমান্তে পাঁচ দিন ধরে চলা এই শিবির ১৩ জুলাই সমাপ্ত হয়। সংঘের এই শিবিরটিতে অনেক মুসলিম বিদ্বেষী সিদ্ধান্ত এবং বড় ঘোষণাও করা হয়েছে।

সংঘ পশ্চিমবঙ্গকে তিনটি জোনে ভাগ করে সংগঠনের আলাদা-আলাদা নেতাকে কার্যালয় চালানোর দায়িত্ব দিয়েছে। এই তিনটি জোনের মধ্যে দক্ষিণ বঙ্গের প্রধান দফতর কলকাতা, উত্তরবঙ্গের প্রধান দফতর শিলিগুড়ি এবং বর্ধমানে একটি সদর দফতর বানানো হয়েছে।

পাশাপাশি সংগঠনেও অনেক ফেরবদল করা হয়েছে। রমাপদ পালকে উড়িষ্যা আর বাংলার প্রচারকের দায়িত্ব দেওয়া হয়েছে। প্রশান্ত ভট্টকে দক্ষিণ বঙ্গের প্রচারক বানানো হয়েছে। এর সাথে, ভাইয়াজী জোশী নামে খ্যাত সুরেশ জোশী এখন সংঘের পক্ষে বিশ্ব হিন্দু পরিষদের যোগাযোগ আধিকারিক পদ পরিচালনা করবে এবং অরুণ কুমারকে সংঘ এবং বিজেপির মধ্যে সমন্বয়কের ভূমিকা দেওয়া হয়েছে।

এছাড়াও মোহন ভাগবত আরও একটি গুরুত্বপূর্ণ ঘোষণা করেছে। যে, এবার দেশজুড়ে মুসলিম বস্তিতেও সংঘ তাঁদের শাখা খুলবে। সংঘ এখন প্রতিটি গ্রামে-গঞ্জে পৌঁছে হিন্দুদের পাশাপাশি মুসলিমদেরও আরএসএস-এর সঙ্গে যুক্ত করার চেষ্টা চালাবে।

প্রসঙ্গত, সময়ের সাথে সাথে সংঘ ইন্টারনেট এবং সোশ্যাল মিডিয়াতেও পা রাখছে। এ সম্পর্কে একটি ঘোষণাও করা হয়েছিল, যাতে বলা হয়েছিল যে সংঘকে আরও শক্তিশালী করার জন্য সংঘের নিজস্ব আইটি সেল স্থাপন করা উচিত। এই নতুন আইটি সেলে সংঘ যুবকদের সুযোগ দেওয়ার কথা বলেছে। তবে বিজেপি এবং সংঘের আইটি সেল সম্পূর্ণ আলাদা হবে।

আসামে নিষিদ্ধ হচ্ছে গোমাংস বিক্রি

আসাম বিধানসভায় এবার গো-সুরক্ষায় নতুন বিল উত্থাপন করা হয়েছে, যাতে মন্দির চত্বরের পাঁচ কিলোমিটারর মধ্যে গোমাংস এবং গোমাংসজাত পণ্য কেনাবেচা নিষিদ্ধের প্রস্তাব দেওয়া হয়েছে।

শুধু তাই নয়, হিন্দু, জৈন, শিখ ও গোমাংস না খাওয়া সম্প্রদায়ের বাস যে এলাকায়, সেখানেও এ নিষেধাজ্ঞা চালুর প্রস্তাব রয়েছে ওই বিলে।

আসাম গো-সুরক্ষা বিল ২০২১ নামের ওই বিলটি সোমবার বিধানসভায় পেশ করে মালাউন মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা।

তাতে গোহত্যা, গোমাংস ভক্ষণ এবং গরু পরিবহণ নিয়ন্ত্রণ করার কথা বলা হয়েছে।

ভারতের একাধিক রাজ্যে গোহত্যা রুখার আইন থাকলেও, কোনো কোনো জায়গায় গোমাংসের দোকান থাকা চলবে না, এমন নির্দেশিকা এই প্রথম।

এ প্রসঙ্গে আসাম বিধানসভার বিরোধী দলনেতা দেবব্রত সাইকিয়া জানায়, বিলটিতে অনেক সমস্যা রয়েছে।তাই আইনজীবীদের পরামর্শ নিচ্ছে তারা।

দেবব্রত বলেন, পাঁচ কিলোমিটারের মধ্যে গোমাংস নিষিদ্ধ করার কথা বলা হয়েছে। কিন্তু ওই পাঁচ কিলোমিটার কীসের ভিত্তিতে নির্ধারণ করা হবে?

যেখানে ইচ্ছে পাথর ফেলে মন্দির বানিয়ে ফেলতে পারে যে কেউ। গোটা বিষয়টিই সন্দেহজনক। ফলে মুসলিম বিদ্বেষ ও উত্তেজনা বাড়বে বই কমবে না।

বিলটি নিয়ে প্রশ্ন তুলেছেন এল ইন্ডিয়া ইউনাইটেড ডেমোক্র্যাটিক ফ্রন্টের বিধায়ক আমিনুল ইসলামও। তার বক্তব্য— গো-সুরক্ষায় এই বিল আনা হয়নি। মুসলমানদের আবেগে আঘাত করাই বিলটির লক্ষ্য, যাতে আরও বিভাজন তৈরি হয়। আমরা এই বিলের বিরোধিতা করছি। সংশোধন করতে আর্জি জানাব।

রাজস্থান ও মধ্যপ্রদেশের মতো রাজ্যে যেমন নির্দিষ্ট করে গাভী হত্যা নিষিদ্ধ রয়েছে, গো-সুরক্ষা আইনে মোষকে বাইরে রাখা হয়েছে, আসাম সরকারের নয়া বিলে সে রকম নির্দিষ্ট করে কিছু বলা নেই।

এর আগে আসামে ১৪ বছরের বেশি বয়সি গরুদের হত্যায় কোনো বাধা ছিল না। কিন্তু ১৯৫০ সালের সেই আইন গো-সুরক্ষায় যথেষ্ট নয় বলে মত হিমন্তর।

ভয়াবহ হুমকিতে পাহাড়ি নওমুসলিমরা; হয় ছাড়তে হচ্ছে ইসলাম ধর্ম, না হয় বাড়িঘর

হয় ইসলাম ধর্ম ছাড়ছে, না হয় বাড়ি ছাড়ছে। এই হলো পার্বত্য নওমুসলিমদের বর্তমান অবস্থা। বান্দরবানে নওমুসলিম ইমাম ওমর ফারুক ত্রিপুরাকে হত্যার পর দেশের পার্বত্য এলাকার নওমুসলিমদের মধ্যে চরম আতঙ্ক বিরাজ করছে। দু-একটি পরিবার এখনো যারা টিকে আছে, তারা নিজেদেরকে চরম নিরাপত্তাহীন ভাবছেন। এ দিকে ওমর ফারুক হত্যায় জড়িতদের কেউ এখনো গ্রেফতার না হওয়ায় পাহাড়ি জনপদে আতঙ্ক আরো বাড়ছে।

বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার দুর্গম তুলাছড়ির বাসিন্দা ওমর ফারুক ত্রিপুরাকে গত ১৮ জুন রাতে নিজ ঘর থেকে বের করে ব্রাশফায়ার করে হত্যা করা হয়। ওমর ফারুক পাহাড়ি জনগোষ্ঠী ত্রিপুরা সম্প্রদায়ের লোক ছিলেন। সনাতন ধর্ম থেকে প্রথমে তিনি ধর্মান্তরিত হয়ে খ্রিষ্টান হন। পরে ২০১৪ সালে তিনি ইসলাম ধর্ম গ্রহণ করে তুলাছড়ির নিজ এলাকাতেই মসজিদ গড়ে তুলে সেখানে ইমামতি করে আসছিলেন। স্থানীয় সূত্র জানায়, মুসলমান হওয়ার পর পূর্ণেন্দু ত্রিপুরার নাম রাখা হয় ওমর ফারুক। ১৮ জুন রাতে এশার নামাজের ইমামতি করে বাসায় ফেরার পর কিছু দুর্বৃত্ত হত্যা করে ওমর ফারুককে। এই ঘটনায় ২০ জুন নিহতের স্ত্রী নওমুসলিম রাবেয়া বেগম বাদি হয়ে থানায় মামলা করেন। এজাহারে অজ্ঞাতনামা পাহাড়ি সশস্ত্র সংগঠনের অজ্ঞাত পাঁচজনকে আসামি করা হয়। ওমর ফারুক ত্রিপুরার মেয়ে আমেনা ত্রিপুরা গণমাধ্যমকে জানান, ঘটনার রাতে দুর্বৃত্তরা তাদের বাড়ির সামনে এসে তার বাবাকে ডাকে। তার বাবা বের হওয়ার পর দুর্বৃত্তরা জানতে চায়, তোমার জমিনে মসজিদ প্রতিষ্ঠা করেছো, তুমি মুসলিমদের নেতা? এমন প্রশ্নের জবাবে তার বাবা হ্যাঁ বলার সাথে সাথে সন্ত্রাসীরা উপর্যুপরি গুলি করে তাকে হত্যা করে। সারা রাত তার লাশটি ঘরের সামনেই পড়েছিল। এই ঘটনার সময় রাতে ওই এলাকার কোনো মানুষ ঘরের বাতি পর্যন্ত জ্বালায়নি।

স্থানীয় সূত্র জানিয়েছে, ওমর ফারুককে হত্যার পরও পাহাড়ি সন্ত্রাসীরা থেমে নেই। তারা অন্যও নওমুসলিম পরিবারগুলোকে নানাভাবে হুমকি দিয়ে যাচ্ছে। তাদের হুমকিতে অনেক পরিবার ইসলাম ধর্ম ত্যাগ করে আগের ধর্মে ফিরে যাচ্ছে। স্থানীয় সূত্র জানায়, তুলাছড়িতে আগে ১১টি মুসলিম পরিবার ছিল। সন্ত্রাসীদের হুমকিতে ছয় পরিবার ইতোমধ্যে খ্রিষ্টান ধর্মে ফিরে গেছে। ওমর ফারুকের পরিবারসহ অন্য যে পাঁচটি পরিবার এখনো ইসলাম ধর্মে টিকে আছে তারা কেউ এলাকায় নেই। সবাই যে যার মতো অন্য কোথাও গিয়ে অবস্থান করছেন। নারেংপাড়ায় পাঁচ নওমুসলিম পরিবার ছিল, যাদের মধ্যে তিন পরিবার প্রাণে বাঁচতে আগের ধর্মে ফিরে গেছে। সাধু হেডম্যান পাড়ায় আট পরিবার ইসলাম গ্রহণ করলেও সন্ত্রাসীদের হুমকিতে ছয় পরিবার আগের ধর্মে ফিরে গেছে। শিলবান্ধা পাড়ায় পাঁচ পরিবার ইসলাম গ্রহণ করলেও বর্তমানে তিন পরিবার আছে। বাকিরা আগের ধর্মে ফিরে গেছে। সূত্র জানায়, যে পরিবারগুলো এখনো টিকে আছে তারা চরম নিরাপত্তাহীনতার মধ্যে দিন কাটাচ্ছে। এই পরিবারগুলোর বেশির ভাগই নিহত ওমর ফারুকের মাধ্যমে ইসলাম গ্রহণ করেছিল।

স্থানীয়রা অভিযোগ করেন, ওমর ফারুক খুনিদের কেউ এখনো গ্রেফতার হয়নি। যে কারণে সন্ত্রাসীরা আরো বেপরোয়া। তারা নওমুসলিমদের নানাভাবে হুমকি-ধমকি দিয়ে যাচ্ছে। যে কারণে সবাই চরম ভয়ের মধ্যে আছেন। এমনকি সাধারণ পাহাড়িরাও আতঙ্কের মধ্যে আছেন। সন্ত্রাসীরা গ্রেফতার হলে নওমুসলিমসহ এলাকার মানুষের মধ্যে স্বস্তি ফিরে আসতো বলে একাধিক বাসিন্দা জানান।

নিহত ওমর ফারুকের পরিবার অভিযোগ করেছে, তারা ইসলাম গ্রহণ করার পরেই জনসংহতি সমিতির একটি সন্ত্রাসী গ্রুপ তাদেরকে নানাভাবে হুমকি দিয়ে আসছিল। এর মধ্যে সাবেক এক জনপ্রতিনিধিও রয়েছেন। তারাই ওমর ফারুককে হত্যা করেছে। জানা গেছে, ওই জনপ্রতিনিধিসহ যাদেরকে এই হত্যার ঘটনায় সন্দেহ করা হচ্ছে তারা এখনো এলাকাতে প্রকাশ্যে ঘুরছে কিন্তু গ্রেফতার হচ্ছে না। এতে মানুষ আরো ভয়ের মধ্যে আছে।

১৩ই জুলাই, ২০২১

সোমালিয়া | কুফ্ফার বাহিনীর উপর আল-কায়েদার অর্ধডজনেরও বেশি হামলা

আফ্রিকার পূর্বাঞ্চলীয় দেশ সোমালিয়ায় ক্রুসেডার কেনিয়ান বাহিনী ও সোমালিয় মুরতাদ বাহিনীর বিরুদ্ধে অর্ধডজনেরও বেশি সফল হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন।

এসবের মধ্যে গত ১১ জুলাই রাজধানী মোগাদিশুতে সোমালি সরকারের রাষ্ট্রপতি প্রাসাদের অভ্যন্তরে মুজাহিদদের ছুঁড়া ৭ টি রকেট সফলভাবে আঘাত করেছে। তবে হতাহতের বিস্তারিত তথ্য এখনো জানা যায় নি। তবে এদিন রাজধানী মোগাদিশুর হলুডাক জেলায় মুরতাদ বাহিনীর একটি সামরিক ব্যারাকে হারাকাতুশ শাবাব যোদ্ধাদের আক্রমণে সুরক্ষা ও গোয়েন্দা সংস্থার এক সদস্য নিহত ও অপর এক সদস্য গুরুতর আহত হয়।

এছাড়াও এদিন দেশটির রাজধানী মোগাদিশু, যুবা, বালআদ, আউদাকলী শহরগুলোতে হারাকাতুশ শাবাব মুজাহিদগণ আরও ৭টি অভিযান পরিচালনা করেছেন।

অপরদিকে গতকাল ১২ জুলাই সোমবার, হিরান রাজ্যের বলোবার্দি শহরে মুরতাদ সরকারী মিলিশিয়াদের একটি সামরিক ঘাঁটিতে কয়েক দফা বোমাবর্ষণ করেছেন শাবাব মুজাহিদিন। এসময় মুরতাদ সেনাবাহিনীর সর্বাধিনায়ক জেনারেল "আদওয়া ইউসুফ রাঘে" সামরিক বেসে অবস্থান করছিল। যার ফলে সে ও মুরতাদ মিলিশিয়াদের মধ্যে ব্যাপক ক্ষয়ক্ষতির সম্ভাবনা রয়েছে।

এদিকে রাজধানী মোগাদিশুর দক্ষিণ-পশ্চিম আফগোয় শহরে দেশটির মুরতাদ গোয়েন্দা সদস্যদের উপর টার্গেট অপারেশন চালান হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এসময় মুজাহিদগণ সোমালি সরকারের সুরক্ষা ও গোয়েন্দা সংস্থার এক সদস্যকে হত্যা করতে সক্ষম হয়েছেন।

এমনিভাবে দক্ষিণ-পশ্চিম সোমালিয়ার যুবা রাজ্যের তাবতু শহরে ক্রুসেডার কেনিয়ান সেনাদের একটি সামরিক ঘাঁটিতেও সফল অভিযান চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদি

প্রয়োজনে আমরা দখলদার তুর্কি সৈন্যদের উপরও হামলা চালাবো- তালিবান

ক্রুসেডার আমেরিকা ও ন্যাটোর সদস্য দেশগুলো যখন একে একে আফগান ছাড়ছে, তখন ন্যাটোর গোলাম রাষ্ট্র তুরস্ক আফগানিস্তানে দখলদারিত্ব অব্যাহত রাখতে নতুন মিশন ঘোষণা করেছে। এই মিশন বাস্তবায়নে আফগানিস্তানে অবস্থান করবে ন্যাটোর অধীনে আফগান যুদ্ধে অংশগ্রহণকারী দখলদার তুর্কি সৈন্যরা।

গত ৪ জুন প্রথমবার এই সিদ্ধান্ত নেয় এরদোগানের নেতৃত্বাধীন সেক্যুলার তুরস্ক, পরে তালিবানদের পক্ষ হতে হুঁশিয়ারি বার্তা দেওয়া হলে বিষয়টি নিয়ে কিছুদিন চুপ থাকে তুরস্ক। কিন্তু বর্তমানে তুরস্ক নতুন করে আবারো আফগানে তাদের মিশন শুরু করার ঘোষণা দিয়েছে। এই মিশনের অধীনে আফগানিস্তানের রাজধানী কাবুলের আন্তর্জাতিক হামিদ কারজাই বিমানবন্দর নিজেদের নিয়ন্ত্রণে রাখার সিদ্ধান্ত নিয়েছে তুরস্ক।

নতুন মিশন অনুসারে, ক্রুসেডার মার্কিন যুক্তরাষ্ট্র ও ন্যাটো আফগানিস্তান ত্যাগের পর তুরস্ক আফগানিস্তানে অবস্থান অব্যাহত রাখবে, এবং কাবুল বিমানবন্দরে নিজেদের দখলদারিত্ব টিকিয়ে রাখবে। তুরস্ক মার্কিন পক্ষকে জানিয়েছে যে, এই মিশনে তারা একা নয়, বরং আরেক মুসলিম নামধারী পাকিস্তান ও হাঙ্গেরি এই

মিশনে একসাথে কাজ করবে। ইউএসএ তুরস্কের এই সিদ্ধান্ত খুবই খুশি হয়েছিল যে, আক্রমণ-পরবর্তী সময়ে তুরস্ক আফগানিস্তানে থাকতে চেয়েছে।

সেক্যুলার তুরস্কের এই সমস্ত সিদ্ধান্তের ফলে তালিবান পক্ষ ফের তুরস্ককে উদ্দেশ্য করে একটি হুঁশিয়ারি বিবৃতি প্রকাশ করেছে, যাতে তুরস্কের নাম পরিষ্কারভাবে উল্লেখ করা হয়েছিল।

"ইসলামিক ইমারাত অফ আফগানিস্তান" স্বাক্ষরিত নতুন এই বিবৃতিতে দখলদার তুরস্ককে স্পষ্টভাবে আফগানিস্তানে না থাকার জন্য সতর্ক করা হয়েছে। আর তুরস্ক যদি তাদের এসব হঠকারিতা মূলক সিদ্ধান্ত থেকে সরে না আসে। তবে গত ২০ বছর ধরে ক্রুসেডার আমেরিকা ও ন্যাটো জোটের বিরুদ্ধে যেভাবে তালিবানরা জিহাদ জারি রেখেছেন, অনুরূপ তুরস্কের বিরুদ্ধেও মুজাহিদগণ পুনরায় দাড়িয়ে যাবেন।

দোহার চুক্তির (আফগানিস্তান থেকে বিদেশী সেনা প্রত্যাহার) এর ধারাটির উপর জোর দিয়ে বিবৃতিতে তুরস্ককে আফগানিস্তানে সামরিক উপস্থিতি বজায় না রাখার জন্য এবং তাদের নতুন আফগান মিশন থেকে সরে আসার আহ্বান জানানো হয়েছে।

তালিবান কর্তৃক প্রকাশিত বিবৃতিটিতে বলা হয়েছে, "প্রত্যেকেই অবগত যে দোহার চুক্তির ভিত্তিতে সমস্ত বিদেশী শক্তি আমাদের প্রিয় স্বদেশ থেকে একে একে সরে আসছে। এই সিদ্ধান্তটিকে জাতিসংঘ এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের পাশাপাশি তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী সহ বেশিরভাগ দেশ স্বাগত জানিয়েছে এবং তা মেনে নিয়েছে। আর স্বাক্ষর অনুষ্ঠানে তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী নিজেও উপস্থিত ছিল।

এখন তুরস্কের নেতৃত্ব ঘোষণা করেছে যে তারা আমেরিকার অনুরোধে এবং আমেরিকার সাথে চুক্তি করার মাধ্যমে তাদের সৈন্যদের আফগানিস্তানে রাখবে এবং এখানে দখলদারিত্ব অব্যাহত রাখবে। এক্ষেত্রে তুরস্ককে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করতে হবে:

১- ইসলামিক ইমারাত অফ আফগানিস্তান এবং আফগান জনগণের তুরস্কের মুসলিম জনগণের সাথে ঐতিহাসিক, সাংস্কৃতিক এবং ধর্মীয় সম্পর্ক রয়েছে। এখন তুরস্কের নেতাদের হঠকারিতা মূলক সিদ্ধান্ত আমাদের দেশে তুর্কি কর্তৃপক্ষের প্রতি বিরক্তি ও শত্রুতা তৈরি করবে এবং দ্বিপক্ষীয় সম্পর্কের ক্ষতি করবে।

২- তুর্কি নেতৃত্বের সিদ্ধান্ত অবশ্যই আপত্তিজনক এবং ভুল। এটি আমাদের সার্বভৌমত্ব এবং আঞ্চলিক অখণ্ডতার লঙ্ঘন এবং আমাদের জাতীয় স্বার্থের পরিপন্থী। ইমারতে ইসলামিয়া আফগানিস্তান তুরস্কের এই সিদ্ধান্তের তীব্র নিন্দা জানায়, যা তুর্কি ও আফগান জাতির মধ্যে সমস্যা সৃষ্টি করবে। আমরা তুর্কি কর্তৃপক্ষকে দৃঢ়ভাবে তাদের হটকারি সিদ্ধান্তকে প্রত্যাহারের পরামর্শ দিচ্ছি, যা উভয় দেশের জন্যই ক্ষতিকর।

৩- আমাদের দেশে বিদেশী সেনাদের অবস্থান, চাই তা যেকোন রাষ্ট্রের যেকোন নামেই হোক না কেন, তাদেরকে দখলদার এবং আগ্রাসী হিসাবেই চিন্তিত করা হবে। আর আমরা ১৪২২ হিজরি ২০০১ ঈসায়ী সনে ১৫ শত বিশিষ্ট আলেমদের জারি করা যেই ফতোয়ার আলোকে গত ২০ বছর ধরে আগ্রাসী বাহিনীর বিরুদ্ধে

জিহাদ করে আসছি, এখনও সেই ফতোয়ার আলোকেই দখলদার দেশ ও তাদের বাহিনীর সাথে আমরা একই আচরণ করবো।

৪- আমরা তুর্কি মুসলিম জনগণ এবং তাদের জ্ঞানী রাজনীতিবিদদের এই সিদ্ধান্তের বিরুদ্ধে সোচ্চার হওয়ার জন্য আহ্বান জানাচ্ছি। কারণ এই সিদ্ধান্ত তুরস্ক এবং আফগানিস্তান কারো জন্যই উপকারী না। বরং তুর্কি নেতাদের এই সিদ্ধান্ত কেবল এই দেশগুলির জন্য সমস্যাই সৃষ্টি করবে।

৫- আমাদের নীতি হচ্ছে- সমস্ত দেশের সাথে ভালো এবং ইতিবাচক সম্পর্ক স্থাপন করা। আমরা অন্যের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করি না বা অন্যকেও আমাদের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করতে দিই না।

৬- আমরা তুর্কি কর্তৃপক্ষকে স্মরণ করিয়ে দিচ্ছি যে, এই জাতীয় আপত্তিজনক সিদ্ধান্ত নেওয়ার পরিবর্তে স্বীকৃত নীতিগুলির ভিত্তিতে ইতিবাচক এবং ভালো সম্পর্ক স্থাপন করার, একে অপরকে সহযোগিতা করার।

৭- আমরা অনেক সময় যাবত তুর্কি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে আসছি এবং অনেক সভা করেছি। এই সভাগুলিতে তারা আমাদের এই আশ্বাস দিয়েছিল যে, তারা আমাদের সম্মতি ছাড়া এ জাতীয় একতরফা কোন সিদ্ধান্ত নেবে না। কিন্তু তুরস্কের বর্তমান এই সিদ্ধান্ত অন্য কিছুই বলছে, তারা নিজেদের কথারই লঙ্ঘন এবং মুনাফিকদের আচরণ করেছে।

৮- তুর্কি কর্তৃপক্ষ যদি তাদের সিদ্ধান্তগুলি পুনর্বিবেচনা না করে এবং আমাদের দেশে দখলদারিত্ব অব্যাহত রাখে, তবে তুরস্কের এজাতীয় ধর্মবিরোধী সিদ্ধান্তের ফলে, ইমারতে ইসলামিয়া আফগানিস্তান ইসলাম, কর্তব্যপরায়ণ ও দেশপ্রেমিক দায়িত্ব হিসাবে বিগত ২০ বছর ধরে দখলদারদের সাথে যেমনটা করে আসছিল, এখন তুরস্কের বিরুদ্ধেও তাঁরা সেভাবেই দাঁড়াবেন।

সুতরাং এই জাতীয় ক্ষেত্রে, সমস্ত পরিণতির জন্য দায়বদ্ধ একমাত্র তারাই, যারা অন্যের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করে এবং যারা আপত্তিজনক সিদ্ধান্ত নেয়।

উল্লেখ্য যে, তুরস্কের সরকার পশ্চিমা দেশগুলিকে সন্তুষ্ট করতে, তার স্বার্থ অর্জনে এবং মুসলিম দেশগুলিতে জনগণের উপর চেপে বসা মুরতাদ সরকারকে সমর্থন করার জন্য তৎপর। যেই লক্ষ্যে আন্তর্জাতিকভাবে তালিবান, আল-শাবাব ও জামা'আত নুসরাতুল ইসলাম এর মুজাহিদদের বিরুদ্ধ তুরস্ক বছরের পর বছর ক্রুসেডারদের হয়ে যুদ্ধ করছে এবং মুজাহিদদের বিরুদ্ধে মুরতাদ সরকার ও তাদের সেনাবাহিনীকে সহায়তা করে আসছে। এছাড়াও সিরিয়ায় দখলদার রাশিয়া ও ইরানের এজেন্ডা বাস্তবায়নে, সিরিয়ান জনগণের অধিকার আদায়ের লড়াইয়ে নিয়োজিত মুজাহিদ গ্রুপগুলোকে নিষ্ক্রিয় করতে সবচাইতে বড় ভূমিকাও পালন করে আসছে এই তুরস্ক।

পাকিস্তান | মুরতাদ সেনাদের উপর পাক-তালিবানের হামলা, ৫ এরও বেশি নিহত

পাকিস্তানের কুররাম এজেন্সিতে দেশটির মুরতাদ সেনাবাহিনী ও পাক-তালিবানের মাঝে গতকাল বড়ধরণের হামলার ঘটনা ঘটেছে।

গত সোমবার, পাকিস্তানের সেন্ট্রাল কুররাম এজেন্সির খুদাত খাইল এলাকায় তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) অবস্থানে অভিযান পরিচালনা করতে মুরতাদ সেনারা এলাকাটিতে ভারী হাতিয়ার নিয়ে প্রবেশ করে। সেনাদের আগমনের পূর্বেই মুজাহিদগণ এই সংবাদ পেয়ে যান এবং পজিশন ঠিক করে সেনাদের আসার অপেক্ষা করতে থাকেন।

মুরতাদ সেনারা এলাকাটিতে প্রবেশ করা মাত্রই মুজাহিদগণ অভিযানের জন্য আসা সৈন্যদের টার্গেট করে তীব্র আক্রমণ চালান।

এসময় তালিবানদের একটি দল সৈন্যদের টার্গেট করে বন্দুক দিয়ে হামলা করে এবং অন্য গ্রুপটি হ্যান্ড গ্রেনেড এবং ভারী অস্ত্র দ্বারা হামলা চালায়। মুজাহিদদের তীব্র হামলার সামনে টিকতে না পেরে মুরতাদ সৈন্যরা এলাকাটি ছেড়ে পালিয়ে যায়।

কিন্তু ততক্ষণে পাক-তালিবানের হামলায় কমপক্ষে ৫ (পাঁচ) মুরতাদ সৈন্য মারা যায়। বেশ কিছু সৈন্য গুরুতর আহত হয়। এদিকে নিহত সৈন্যদের মৃতদেহ দীর্ঘক্ষণ ধরে ঘটনাস্থলেই পড়েছিল।

তেহরিক-ই-তালিবান পাকিস্তানের মুখপাত্র মোহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ এই হামলার দায় স্বীকার করে জানান যে, অভিযানে আমাদের কোন মুজাহিদ সাথী হতাহত হয়নি।

---

২ টি খালের ২২২ কোটি টাকা দুর্নীতির পর প্রকল্পগুলো প্রণয়ন ফের অর্থ বরাদ্দ

ঢাকা ওয়াসা কর্তৃক জনগণের ২২২ কোটি টাকা ব্যয়ের পর অসম্পূর্ণ দুটি খাল নির্মাণ প্রকল্প সমাপ্তি ঘোষণা করেছিল ঢাকা সিটি কর্পোরেশন। এখন পুনরায় অর্থ বরাদ্দ নিয়ে উক্ত প্রকল্পগুলো নতুনভাবে প্রণয়নের নামে মাঠে নেমেছে দুই ঢাকা সিটি কর্পোরেশন।

জানা যায়, রাজধানী ঢাকার জলাবদ্ধতা নিরসনে ওয়াসা বিপুল পরিমাণ অর্থ ব্যায়ে প্রকল্পগুলোর নির্মাণ কাজ হাতে নিয়েছিল। কিন্তু প্রকল্পগুলোর কাজ অসম্পূর্ণ রেখেই ঢাকা ওয়াসার খাল নির্মাণ কাজ সমাপ্ত ঘোষণা করায়, রাজধানীবাসীর দুর্ভোগ বহুগুণে বৃদ্ধি পেয়েছে। তাছাড়াও জনগণের অর্থ পুনরায় খসাতে একই কাজের জন্য ঢাকা দুই সিটি কর্পোরেশন আলাদাভাবে নতুন নতুন প্রকল্প হাতে নিচ্ছে।

অনুসন্ধানী প্রতিবেদন মতে, গত ৩১ ডিসেম্বর রাজধানী ঢাকার ২৬টি খালের দায়িত্ব পায় দুই সিটি কর্পোরেশন। এরপরই ঢাকা ওয়াসার খাল নির্মাণ প্রকল্পের কাজের মান নিয়ে প্রশ্ন তোলে ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের প্রকৌশলীরা।

প্রকল্পগুলোর দুর্নীতির ঘটনা ধামাচাপা দিতে সরকার প্রশাসন উক্ত তিন সংস্থাকে নিয়ে দফায় দফায় আলোচনায় বসে সিদ্ধান্তক্রমে খাল নির্মাণ প্রকল্পগুলো অসম্পূর্ণ রেখেই সমাপ্ত ঘোষণা করে।

অনুসন্ধানে আরও উঠে আসে, ২০১৮ সালে ঢাকা মহানগরীর ড্রেনেজ নেটওয়ার্ক সম্প্রসারণ ও খাল উন্নয়ন নামে ১৬টি খালের সংস্কার, পুনঃখনন, পাড় বাঁধাই ও উন্নয়নের লক্ষ্যে ৫৫০ কোটি ৫০ লাখ টাকা ব্যায়ে ঢাকা ওয়াসা একটি প্রকল্প গ্রহণ করেছিল। উক্ত প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল বৃহত্তর মিরপুর ও উত্তরা এলাকার ৩০ লাখ বাসিন্দাকে জলাবদ্ধতার দুর্ভোগ থেকে মুক্তি দেওয়া।

কিন্তু ১৭৬ কোটি টাকা ব্যায়ে উক্ত প্রকল্পের অগ্রগতি হয়েছে মাত্র ৩২ ভাগ। গৃহীত প্রকল্পের আওতাধীন খালগুলো হলো-আব্দুল্লাপুর, কল্যাণপুর ক, খ, গ, ঘ ও চ খাল, রামচন্দ্রপুর, সুতিভোলা, রূপনগর, সাংবাদিক কলোনি খাল, ইব্রাহিমপুর খাল, বাড্ডা খাল, বেগুনবাড়ি খাল, নাখালপাড়া খাল, কুতুবখাল ও ধোলাই খাল।

তাছাড়াও ৬০৭ কোটি ১৬ লাখ টাকা ব্যায়ে পাঁচ খাল প্রকল্প নামে ঢাকা ওয়াসা হাজারীবাগ, বাইশটেকি, কুর্মিটোলা, মাণ্ডা ও বেগুনবাড়ি খালের ভূমি অধিগ্রহণ ও খননের জন্য আরেকটি প্রকল্প গ্রহণ করে। ২০১৮ সালে শুরু হওয়া এ প্রকল্পের মেয়াদ ছিল ২০১৯ সালের ডিসেম্বর পর্যন্ত। কিন্তু দীর্ঘদিনের ভোগান্তী ও জনগণের প্রায় ৪৬ কোটি টাকা খরচ করে উক্ত পাঁচ খাল প্রকল্প সমাপ্ত ঘোষণা করার আগে অগ্রগতি হয়েছিল মাত্র ৭ শতাংশ।

কিন্তু গত ৩১ ডিসেম্বর ঢাকা ওয়াসার কাছ থেকে ২৬টি খালের দায়িত্ব বুঝে পাওয়ার পর এগুলোর কাজের মান নিয়ে সুনির্দিষ্টভাবে প্রশ্ন তোলে সুযোগ সন্ধানী দুই সিটি কর্পোরেশনের প্রকৌশলীরা।

ফলে দুর্ণীতি ধামাচাপা দিতে তিন সংস্থার সম্মতিক্রমে প্রকল্পগুলো অসম্পূর্ণ রেখেই সমাপ্তের সিদ্ধান্ত গ্রহণ করে স্থানীয় সরকার প্রশাসন।

এখন প্রকল্পগুলো বাস্তবায়নে দুই সিটি কর্পোরেশন পুনরায় অর্থ বরাদ্দ করে প্রকল্পগুলো নতুনভাবে প্রণয়ন করছে।

বসন্তপুর সীমান্তে বিএসএফের গুলিতে এক মুসলিম যুবক নিহত

সাতক্ষীরার কালীগঞ্জ উপজেলার বসন্তপুর সীমান্তের বিপরীতে ভারতের হিঙ্গলগঞ্জে বিএসএফের গুলিতে এক বাংলাদেশি যুবক নিহত হয়েছেন।

সোমবার রাতে বিএসএফের হিঙ্গলগঞ্জ ক্যাম্প সদস্যদের গুলিতে ঘোষপাড়া গ্রামে নিহত হন তিনি। নিহতের মরদেহ বিএসএফের কাছে রয়েছে বলে জানা গেছে। নিহত যুবকের নাম আবদুর রাজ্জাক। তিনি কালীগঞ্জ উপজেলার ভাড়াশিমলা ইউনিয়নের কামদেবপুর গ্রামের রমজান আলি গাজীর ছেলে।

সোমবার রাতে বিএসএফের হিঙ্গলগঞ্জ ক্যাম্প সদস্যরা তাকে লক্ষ্য করে গুলি ছুড়লে ঘটনাস্থল ঘোষপাড়া গ্রামে নিহত হন তিনি। বিএসএফ পরে লাশটিও নিয়ে যায়। ফেসবুকের মাধ্যমে আব্দুর রাজ্জাকের মৃত্যুর খবর ছড়িয়ে পড়ে।

অযোধ্যায় ভেঙে দেওয়া বাবরি মসজিদ দেখতে যাওয়ায় বিলালকে গ্রেফতার করলো মালাউন পুলিশ

উত্তর প্রদেশের অযোধ্যায় ভেঙে দেওয়া বাবরি মসজিদের জায়গায় হিন্দুদের রাম মন্দির নির্মাণ কাজ পুরোদমে চলছে। এদিকে, এক মুসলিম অযোধ্যা পৌঁছে একজন নিরাপত্তা অফিসারকে প্রাচীন বাবরি মসজিদের ঠিকানা জিজ্ঞাসা করলেন, যার ফলে তিনি সমস্যায় পড়েন।

সংবাদমাধ্যমের খবরে বলা হয়েছে, বিলাল নামের এক মুসলিম যুবক রাম মন্দির নির্মাণে থাকা নিরাপত্তা অফিসারকে বাবরি মসজিদ সম্পর্কে জিজ্ঞাসা করেছছিল, সে জিজ্ঞেস করে বলে, বাবরি মসজিদটি কোথায় ছিলো? জায়গাটি দেখতে চেয়েছেন তিনি। কিন্তু মালাউন পুলিশ তাকে গ্রেফতার করে।

তাকে গ্রেফতার করে নিয়ে যায় পুলিশ। স্থানীয় পুলিশকে জানায় গোয়েন্দা বাহিনীর কাছে হস্তান্তর করা হয়েছে। তারা তাকে জিজ্ঞাসাবাদ শুরু করে।

প্রাপ্ত তথ্য মতে, এখনও পর্যন্ত বিলালের জিজ্ঞাসাবাদে তিনি যা বলেছেন তা সত্য এবং কিছুই সন্দেহজনক বলে মনে হয় না। তবে পুলিশ তাকে আরও জিজ্ঞাসাবাদ করছে। বিলাল মুরাদাবাদের বাসিন্দা। তিন দিন আগে অযোধ্যা পৌঁছেছিলেন। বিলাল আরও বলেছিলেন, তিনি দাওয়াত-ই-ইসলামী নামক একটি সংস্থায় কাজ করেন। বাবরি মসজিদ সম্পর্কে তার প্রতিষ্ঠানের কর্মীদের জিজ্ঞাসা করলে তারা বলেছিলেন যে সেখানে একটি মন্দির নির্মিত হচ্ছে।

আটক বিলাল বলেছেন, তিনি বাবরি মসজিদের জায়গাটি দেখতে চেয়েছিলেন। অযোধ্যা পৌঁছে তিনি বাবরি মসজিদ কোথায় ছিলেন সেখানে অবস্থানরত নিরাপত্তাকর্মীদের জিজ্ঞাসা করলেন।

সূত্রমতে, বিলাল যখন বাবরি মসজিদস্থলে গিয়ে নিরাপত্তা কর্মীদের জিজ্ঞাসা করে, তখন তারা তাকে আটক করে। তাকে এখনো থানায় রাখা হয়েছে।

সূত্র: আসরে হাজির

প্রখ্যাত বাংলাদেশি আলেম শাইখ মাহমুদুল হাসান গুনবিকে গুম

গত ৬ই জুলাই (২০২১) নোয়াখালী থেকে নিখোঁজ হোন শাইখ মাহমুদুল হাসান গুনবি। তার পরিবারের সদস্যরা জানায় গত ৬জুলাই ডিবি পরিচয়ে তাকে তুলে নিয়ে যাওয়া হয়। এ বিষয়ে পুলিশের কাছে জিডি করতে গেলে, পুলিশ জিডি নিতে অস্বীকৃতি জানায়। তাদের সাথে খারাপ ব্যবহার করে।
দেশের মেইনস্ট্রিম মিডিয়াগুলো এব্যাপারে পুরোপুরি নিরব। এখন পর্যন্ত কোন মিডিয়া তার নিখোঁজের বিষয়ে কোন সংবাদ প্রচার করেনি।
শাইখ মাহমুদুল হাসান গুনবির হাতে অসংখ্য মানুষ ইসলামের দাওয়াত কবুল করেছেন। কিছুদিন আগে পাহাড়ি সন্ত্রাসীদের হামলায় নিহত ওমর ফারুক ত্রিপুরা শাইখ গুনবির হাতেই ইসলাম ধর্ম গ্রহণ করেছিল। এমনকি শহীদ ওমর ফারুকের হাতে নির্মিত মাসজিদটিও গুনবী ভাইয়ের উদ্যোগে নির্মিত হয়েছে।
তিনি পায়ে হেঁটে দুর্গম অঞ্চলে গিয়ে যারা তাওহীদের দাওয়াহ প্রদান করতেন। বর্তমানে এমন দা'ঈদের সংখ্যা নিতান্তই অল্প। এই অল্পসংখ্যক দা'ঈদেরকে যদি থামিয়ে দেওয়া হয়, তবে উত্তরবঙ্গ আর পার্বত্য অঞ্চলে ইসলামের যে আলো পরিলক্ষিত হচ্ছিলো, তা নিষ্প্রভ হয়ে যেতে পারে।

মহামারীর গজবেও ফ্রান্সে বেড়েছে মুসলিমবিরোধী কর্মকাণ্ড

ফ্রান্সের জাতীয় মানবাধিকার বিষয়ক কর্তৃপক্ষের এক রিপোর্টে দেখা গেছে ফ্রান্সে মুসলিম বিরোধিতা বাড়ছে। করোনা মহামারীতে মধ্যে কঠোর লকডাউনের মধ্যেও মুসলিমবিরোধী কর্মকাণ্ড বেড়েছে।

মুসলিম ও ইসলাম ধর্ম সম্পর্কে কুসংস্কার ও অসহিষ্ণুতা বাড়ছে বলে জানিয়েছে দ্যা ন্যশনাল কনসালটেটিভ কমিশন অন হুম্যান রাইটস (সিএনসিডিএস)।

গত বছর ফ্রান্সের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন কেন্দ্রীয় গোয়েন্দা দফতরের প্রতিবেদনে দেখা গেছে, ইসলাম, ইহুদি ও বর্ণবাদের বিরোধিতা বিষয়ক কর্মকাণ্ড ও হুমকির সাথে সংশ্লিষ্ট অভিযোগ এসেছে এক হাজার ৪৬১টি। আগের বছর ২০১৯ সালে এমন অভিযোগ ছিল এক হাজার ৯৮৩টি।

ওই প্রতিবেদনে ইহুদি ও বর্ণবাদের বিরোধিতা বিষয়ক কর্মকাণ্ড ও হুমকির সংখ্যা কমলেও মুসলিম ও ইসলাম ধর্মের বিরোধীতা বেড়েছে ৫২ শতাংশ। ২০১৯ সালে ২৩৪টি মুসলিমবিরোধী কর্মকাণ্ডের ঘটনা ঘটেছে। গত ২০২০ সালের শেষ চার মাসে মুসলমানদের লক্ষ্য করে বহু প্রতিহিংসমূলক ঘটনা ঘটানো হয়।

ওই প্রতিবেদনে দেখা গেছে ফ্রান্সের মানুষ সংখ্যালঘুদের প্রতি সহিষ্ণু আচরণ করলেও মুসলমানদের প্রতি তাদের বিদ্বেষ বাড়ছে। অনেক ফ্রেন্স নাগরিক মনে করেন, ইসলাম ধর্ম ফ্রান্সের জন্য হুমকি স্বরূপ।

সূত্র: ইয়েনি সাফাক

মাসিক রিপোর্ট | টিটিপির দূর্দান্ত হামলায় পাকিস্তানের ২০২ মুরতাদ সৈন্য হতাহত

পাকিস্তানের বৃহত্তম জিহাদী গ্রুপ তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) অফিসিয়াল চ্যানেল এবং এর অধিভুক্ত সামাজিক যোগাযোগ মাধ্যম ও অ্যাকাউন্টগুলিতে গত এপ্রিল, মে ও জুন মাসে পাক-তালিবান কর্তৃক দেশটির মুরতাদ সামরিক বাহিনীর উপর পরিচালিত হামলার বিবরণ প্রকাশ করা হয়েছে।

অভিযানের বর্ণনাগুলো আধুনিক নকশায় তৈরি "ইনফোগ্রাফিক" আকারে প্রকাশিত হয়েছে, যাতে আক্রমণগুলির প্রকৃতি অবস্থান এবং সামরিক প্রতিষ্ঠানের ক্ষয়ক্ষতির বিবরণ দেখানো হয়েছে।

বর্ণনা অনুযায়ী, গত এপ্রিল মাসে পাকিস্তানের ৭টি অঞ্চলে দেশটির মুরতাদ সামরিক বাহিনীগুলোর উপর মোট ১৬ টি হামলা চালিয়েছে টিটিপির জানবায মুজাহিদগণ। এরই অংশ ধারাবাহিতায় টিটিপির মুজাহিদগণ পাকিস্তানী মুরতাদ বাহিনীগুলোর বিরুদ্ধে টার্গেট, সম্মুখ লড়াই, স্নাইপার, ক্ষেপণাস্ত্র এবং বোমা বিস্ফোরণ সহ বিভিন্ন হামলা চালিয়েছেন।

বর্ণনা অনুযায়ী, এপ্রিল মাসে টিটিপি কর্তৃক পরিচালিত ১৬ টি হামলায় সামরিক বাহিনীর ৩৫ সদস্য নিহত এবং আরও ৩৩ সদস্য আহত হয়েছে। হতাহত হয়েছে সর্বমোট ৬৮ মুরতাদ সদস্য।

একইভাবে গত মে মাসে পাকিস্তানের ৯ টি অঞ্চলে সর্বমোট ২১ টি হামলা চালান টিটিপির মুজাহিদগণ। এতে ২৫ মুরতাদ সেনা নিহত এবং আরও ৪৬ মুরতাদ সেনা আহত হওয়া সহ সর্বমোট ৭১ সেনা ও পুলিশ সদস্য হতাহত হয়।

অপরদিকে গত জুন মাসেও পাকিস্তানের ৯ টি অঞ্চলে ১৬ টি অভিযান পরিচালনা করেছেন পাক-তালিবান মুজাহিদিন। এতে ৩৫ মুরতাদ সদস্য নিহত ও আরও ২৮ সদস্য আহত হয়। সবমিলিয়ে গত মাসে টিটিপির হামলায় হতাহত হয় ৬৩ মুরতাদ সেনা ও পুলিশ সদস্য।

তেহরিক-ই-তালিবান পাকিস্তানের এসব সফল হামলার ফলে মুরতাদ বাহিনীর সামরিক প্রতিষ্ঠানগুলিরও আর্থিক ক্ষয়ক্ষতি হয়েছে। যার মধ্যে রয়েছে মুরতাদ বাহিনীর ২৬ টি গাড়ি এবং ৫ টি সামরিক স্থাপনা ধ্বংসসহ বিভিন্ন সামরিক সরঞ্জাম পুড়িয়ে দেওয়া।

এটি লক্ষণীয় যে, ২০২১ সালের গত মার্চ মাসে ২৯ টি এবং এর আগে দুই মাসে অর্থাৎ ফেব্রুয়ারিতে ১৬ টি এবং জানুয়ারিতে ১৭ টি আক্রমণ চালিয়েছিল টিটিপি।

তেহরিক-ই-তালিবান পাকিস্তান পূর্বের যেকোন সময়ের তুলনায় বর্তমানে অনেক সুসংগঠিত। ফলশ্রুতিতে গত ২০২০ সালের গ্রীষ্মকাল থেকে টিটিপি নতুনভাবে শত্রুদের বিরুদ্ধে তৎপরতা চালাচ্ছেন। তাই বলা বাহুল্য, আগামী দিনে টিটিপি পাকিস্তানে শক্তিশালী অবস্থানে নিজেদের সমুন্নত করবে।

https://ibb.co/kcgFL6H

সোমালিয়া | কুফফার জোটের বিরুদ্ধে আল-কায়েদার সফল ইস্তেশহাদী হামলা

আল-কায়েদা পূর্ব আফ্রিকা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন গত ১০ জুলাই সোমালিয়ায় ১ টি ইস্তেশহাদী হামলাসহ সর্বমোট ১১ টি অভিযান পরিচালনা করেছেন। এতে কয়েক ডজন ক্রুসেডার ও মুরতাদ সৈন্য হতাহত হয়েছে।

শাহাদাহ্ নিউজ এজেন্সীর সূত্র জানা গেছে, গত ১০ জুলাই, সোমালিয়ার রাজধানী মোগাদিশুতে মেট্রোপলিটন পুলিশ প্রধানের সামরিক কাফেলাকে লক্ষ্যবস্তু করে একটি সফল ইস্তেশহাদী হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে রাজধানীর পুলিশ প্রধানসহ অনেক মুরতাদ সদস্য হতাহত হয়েছে। ধ্বংস হয়েছে মুরতাদ পুলিশ বাহিনীর কয়েকটি গাড়ি।

অপরদিকে মুরতাদ বাহিনী থেকে জানানো হয় যে, আল-শাবাব মুজাহিদদের এই হামলায় মোগাদিশুর পুলিশ প্রধান কর্নেল "ফারহান কারুলি" সহ তার ৯ দেহরক্ষী নিহত ও কয়েকজন আহত হয়েছে।

উল্লেখ্য যে, এই বীরত্বপূর্ণ শহিদী হামলাটি ছাড়াও এদিন রাজধানী মোগাদিশুসহ দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে আরও ১১ টি সফল হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। যার ফলে কয়েক ডজন সৈন্য হতাহত ও মুরতাদ বাহিনী ব্যাপক ক্ষয়ক্ষতির শিকার হয়।

সোমালিয়া | উচ্চপদস্থ সামরিক কর্মকর্তাদের গাড়ি বহরে শাবাব মুজাহিদিনের বীরত্বপূর্ণ হামলা

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় সামরিক বাহিনীর উচ্চপদস্থ কর্মকর্তাদের গাড়ি বহরে বীরত্বপূর্ণ হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন।

রিপোর্ট অনুযায়ী, গত ১০ জুলাই দক্ষিণ সোমালিয়ার শাবেলী রাজ্যের জানালি শহরে সোমালিয় মুরতাদ বাহিনীর একটি সামরিক বহর টার্গেট করে সফল হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে কয়েক ডজন সৈন্য হতাহতের সম্ভাবনা থাকা রয়েছে। যদিও মুরতাদ বাহিনী তাদের ১ সৈন্য নিহত এবং আরো ৬ মুরতাদ সদস্য আহত হওয়ার কথা জানিয়েছে।

জানা যায় যে, হামলায় হতাহত ব্যক্তিদের মধ্যে ছিল সরকারী মিলিশিয়াদের ১৪ তম ব্রিগেডের কর্নেল "মোয়াই" এবং ১৪ তম ব্যাটালিয়নের ডেপুটি কমান্ডার মেজর মুহাম্মদ হাসান মাউ। একই সময় সামরিক বাহিনীর অফ স্টাফের পদে অধিষ্ঠিত অপর এক উচ্চপস্থ ডেপুটি কমান্ডারও এই হামলার শিকার হয়।

তবে সোমালিয় মুরতাদ সরকার আল-কায়েদার হাতে হতাহত হওয়া সৈন্যদের সংখ্যা গোপন করছে বলেও জানা গেছে।

মুসলমানদের সংখ্যা কমাতে দুইয়ের বেশি সন্তান নিলে সরকারি চাকরি নয়: যোগী আদিত্যনাথ

ভারতের উত্তরপ্রদেশ রাজ্যের খসড়া জনসংখ্যা নিয়ন্ত্রণ নীতি নিয়ে চলছে বিতর্ক। এ বিতর্কের পালে আবারও হাওয়া দিয়েছে রাজ্যের মুখ্যমন্ত্রী মালাউন যোগী আদিত্যনাথ।

উত্তর প্রদেশের নতুন জনসংখ্যা নিয়ন্ত্রণ নীভারতের উত্তরপ্রদেশ রাজ্যের খসড়া জনসংখ্যা নিয়ন্ত্রণ নীতি নিয়ে চলছে বিতর্ক। এ বিতর্কের পালে আবারও হাওয়া দিয়েছে রাজ্যের মুখ্যমন্ত্রী মালাউন যোগী আদিত্যনাথতি অনুযায়ী, দুইয়ের বেশি সন্তান নিলে স্থানীয় নির্বাচনে প্রার্থী হওয়া যাবে না, সরকারি চাকরিতে আবেদন বা পদোন্নতি পাওয়া যাবে না। এমনকি পাওয়া যাবে না সরকারি কোনও ভর্তুকি।

প্রস্তাবিত নীতিতে দুই সন্তান নেওয়া সরকারি কর্মীদের বিশেষ সুবিধা দেওয়ার কথা বলা হয়েছে। উল্লেখ করা হয়েছে, যেসব সরকারি কর্মীরা দুই সন্তান নেবেন তারা চাকরি জীবনে অতিরিক্ত বেতন বৃদ্ধি, মাতৃত্ব ও পিতৃত্বকালীন ১২ মাসের ছুটিসহ পাবেন পূর্ণ বেতন ও ভাতা। একই সঙ্গে জাতীয় পেনশন স্কিমের সহযোগিতা তহবিলেও তিন শতাংশ বেশি থাকবে তাদের জন্য।

এদিকে রোববার বিশ্ব জনসংখ্যা দিবসে রাজ্যের নতুন জনসংখ্যা নীতি ঘোষণা করতে চলেছেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। বিধানসভা পেশ করা হবে উত্তরপ্রদেশে পপুলেশন (কন্ট্রোল, স্টেবিলাইজেশন অ্যান্ড ওয়েলফেলার) বিল ২০২৯। বস্তুত, এই বিলের একাধিক প্রস্তাব নিয়ে রীতিমতো বিতর্ক শুরু হয়েছে।

এর আগে বৃহস্পতিবার এই নীতির বিস্তারিত পর্যালোচনার পরে যোগী মন্তব্য করেন, দারিদ্র এবং অশিক্ষাই জনসংখ্যা বৃদ্ধির অন্যতম কারণ। বিশেষত কিছু কিছু সম্প্রদায়ের ক্ষেত্রে এই বিষয়ে বিপুলভাবে সচেতনতার অভাব রয়েছে। যে কারণে সম্প্রদায়ভিত্তিক সচেতনতা গড়ে তোলার দিকেই বিশেষ নজর দেওয়ার প্রয়োজন। ১৯ জুলাই পর্যন্ত জনগণের কাছ থেকে নীতিটি উন্নত করার জন্য পরামর্শ আহ্বান করা হয়েছে। এই নীতি বাস্তবায়নের জন্য রাজ্যের জনসংখ্যা তহবিল গঠন করা হচ্ছে।

বিধানসভা ভোটের মুখে উত্তরপ্রদেশে জনসংখ্যা নিয়ন্ত্রণ অত্যন্ত সুপরিকল্পিত বলেই মনে করছেন রাজনৈতিক বিশেষজ্ঞরা। তাঁদের মতে, নতুন আইন জারি করে যদি রাজ্যে ক্ষমতা ধরে রাখতে পারে বিজেপি, সেক্ষেত্রে ২০২৪-এ লোকসভা ভোটের আগে সংসদে এই সংক্রান্ত বিল পেশ করবে মোদী সরকার।

ভারতের যোগীরাজ্যে পরিকল্পিত ছকে মুসলিম নির্যাতন

জনসংখ্যার বিচারে ভারতের সবচেয়ে বড় রাজ্য উত্তরপ্রদেশে বিধানসভা নির্বাচন আগামী বছরের শুরুতেই। ভোটের আগে রাজ্যের নানা প্রান্ত থেকেই খবর আসছে, পরিকল্পিতভাবে মুসলিমদের ওপর সেখানে হামলা চালানো হচ্ছে এবং মারধর করে তাদের 'জয় শ্রীরাম' বলতেও বাধ্য করা হচ্ছে।

এই ধরনের ঘটনাগুলোর ভিডিও করে তা ছেড়ে দেয়া হচ্ছে সোশ্যাল মিডিয়াতেও – যাতে মুসলিম সমাজে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

সমাজকর্মী ও অ্যাক্টিভিস্টদের মতে, ভোটের আগে রাজ্যে হিন্দু-মুসলিম মেরুকরণের লক্ষ্যেই খুব পরিকল্পনা করে এই কাণ্ডগুলো ঘটানো হচ্ছে।

মন্দিরে পানি খেতে গিয়ে বিপদে

সময়টা এ বছরের মার্চের মাঝামাঝি, ঘটনাস্থল দিল্লির কাছে উত্তরপ্রদেশের গাজিয়াবাদ।

সেখানকার একটি হিন্দু মন্দিরে ঢুকে পানি খাওয়ার অপরাধে বারো-তেরো বছরের একটি ছেলেকে মাটিতে ফেলে নৃশংসভাবে মারধর করছিল দু'তিনজন যুবক।

বাচ্চা ছেলেটির নাম আসিফ, বাবার নাম হাবিব – এটা শোনার পর বেধড়ক মারের পাশাপাশি চলতে থাকে অকথ্য গালিগালাজ।

মোবাইল ফোনে গোটা ঘটনার ভিডিও করে পরে হোয়াটসঅ্যাপে আর ফেসবুকে ছড়িয়ে দেয় ওই যুবকরাই।

যার হেনস্থার ভিডিও দেখে গোটা দেশ শিউড়ে উঠেছিল, সেই আসিফ পরে বিবিসিকে জানায়, শুধু মুসলিম হওয়ার জন্যই তাকে সেদিন ওভাবে মার খেতে হয়েছিল।

'প্রথমে মাটিতে ফেলে রড দিয়ে পেটায়, তারপর হাত-পা মুচড়ে দিয়ে লাথি মারতে থাকে আমাকে।'

বাবার সাথে মিলে রাস্তার ময়লা কুড়িয়ে বাঁচা ছেলেটি ভয়ে কাঁপাতে কাঁপতে আরো বলেছিল, হিন্দুরা তাদের বাড়িতে এলে সে অবশ্যই পানি খাওয়াবে – কিন্তু কোনোদিন আর ভুলেও কোনো মন্দিরে পানি খেতে ঢুকবে না।

'তুই তো পাকিস্তানের চর'

এর মাসতিনেক পরেই গাজিয়াবাদের কাছে লোনিতে সত্তরোর্ধ্ব বৃদ্ধ আবদুস সামাদকে একটি নির্জন জায়গায় টেনে নিয়ে গিয়ে প্রবল মারধর করা হয়।

জোর করে তাকে 'জয় শ্রীরাম' বলতে বাধ্য করা হয়, কাঁচি দিয়ে কেটে দেয়া হয় লম্বা দাড়ি – আর এখানেও ভিডিও ধারণ করা হয় গোটা ঘটনাটির।

প্রবীণ মানুষটি কাঁদতে কাঁদতে পরে জানিয়েছিলেন, 'ক্যানালের ধার থেকে আমাকে একটি অটোতে করে তুলে নিয়ে গিয়েছিল ওই হামলাকারীরা।'

'একটু দূরে ছেড়ে দেবে বলে নিয়ে যায় একটা জঙ্গলে, তারপর একটা ঘরে আটকে রেখে বেধড়ক মার মারতে শুরু করে দেয়।'

'ওরা শুধু আমাকে শ্রীরাম শ্রীরামই বলায়নি, বারবার বলছিল, করবি আর পাকিস্তানের দালালি?'

ফিরে আসছে দাঙ্গার স্মৃতি

পশ্চিম উত্তরপ্রদেশের যে মুজাফফরনগর ও শামলিতে আট বছর আগের দাঙ্গায় শত শত মুসলিম ঘরছাড়া হয়েছিলেন, সেখানেও হালে আবার ফিরে এসেছে সেই দুঃস্বপ্নের স্মৃতি।

'মকতুব' নামে একটি এনজিও'র হয়ে সেখানে দাঙ্গাপীড়িতদের মধ্যে বহুদিন ধরে কাজ করছেন রাবিহা আবদুররহিম। তিনি বিবিসিকে জানাচ্ছেন, মুসলিম ছেলেদের মারধর করে বা মেয়েদের হেনস্তা করে তার ভিডিও তুলে রাখার ঘটনা সেখানে অহরহ ঘটছে।

শুধু তাই নয়, ওই এলাকার গ্রামে গ্রামে হিন্দু জাঠরা বড় বড় জমায়েত বা মহাপঞ্চায়েত ডেকে সেইসব নির্যাতন উদযাপন করছেন, মুসলিমদের প্রকাশ্য হুমকি দেয়া হচ্ছে।

রাবিহার কথায়, 'মুসলিমদের লিঞ্চিং উপেক্ষা করা বা চুপচাপ বরদাস্ত করা এক জিনিস – কিন্তু হাজার হাজার মানুষ জড়ো হয়ে মুসলিমদের হত্যাকে সমর্থন করছে, উৎসব করছে – ভাবা যায়? এতো গণহত্যার প্রথম ধাপ!'

'আজকের ভারতে, উত্তরপ্রদেশে বা হরিয়ানায় কিন্তু ঠিক সেই জিনিসই হচ্ছে।'

'আজ এদেশে মুসলিম মেয়েরা ভাবতে বাধ্য হচ্ছে তাদের কোনো ভবিষ্যৎ নেই ... যেকোনো দিন তারা খুন হতে পারে, ক্যামেরার সামনে ধর্ষিতা হতে পারে বা জীবন্ত জ্বালিয়ে দেয়া হতে পারে – স্রেফ তাদের ধর্মীয় পরিচয়ের জন্য।'

লিফট নেয়াই কাল হলো কাজিম আহমেদের

এই জুলাই মাসের শুরুতেই উত্তরপ্রদেশের নয়ডাতে একটি গাড়িতে তুলে নিয়ে সম্পূর্ণ অচেনা লোকজন মেরে অজ্ঞান করে রাস্তায় ফেলে দিয়েছিল প্রবীণ কাজিম আহমেদকেও।

লম্বা দাড়ি আর ফেজ টুপি থেকে তাকে খুব সহজেই চেনা যায় মুসলিম বলে – আর সে জন্যই তাকে টার্গেট করেছিল হামলাকারীরা।

কোনোক্রমে প্রাণে বেঁচে ফেরা কাজিম আহমেদ পরে জানিয়েছিলেন, 'আলিগড়ের বাসের জন্য যখন অপেক্ষা করছিলাম, তখন ওই গাড়িটি এগিয়ে এসে আমাকে লিফট দিতে চায়।'

'কিন্তু আমাকে গাড়িতে তুলেই যখন ওরা জানালার কালো কাঁচ নামিয়ে দেয়, তখনই আমি প্রমাদ গুনি।'

'নামিয়ে দেয়ার জন্য কাকুতি-মিনতি করলেও তাতে ওরা কান দেয়নি, আমার দাড়ি টেনে ধরে একধারসে কিল-চড়-ঘুষি মারতে থাকে; দিতে থাকে খুব খারাপ গালাগালি!'

মুসলিম নির্যাতনেও পরিকল্পিত প্যাটার্ন?

কট্টর হিন্দুত্ববাদী বিজেপি নেতা যোগী আদিত্যনাথের আমলে উত্তরপ্রদেশে এই ধরনের ঘটনা এখন এতটাই ডালভাত হয়ে গেছে যে এখন মিডিয়াতেও এসব খবর ঠাঁই পায় না বললেই চলে।

ভারতের সবচেয়ে জনবহুল ও রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ এই রাজ্যটিতে বিধানসভা ভোট মাত্র ছ-সাত মাস পরেই।

তার ঠিক আগে সেই রাজ্যে মুসলিম নির্যাতন যেন একটা নির্দিষ্ট ছক অনুযায়ী চলছে, একটা প্যাটার্ন অনুসরণ করছে, বিবিসিকে বলছিলেন আলিগড় মুসলিম ইউনিভার্সিটির সাবেক ছাত্রনেত্রী ও অ্যাক্টিভিস্ট আফরিন ফতিমা।

আফরিন ফতিমা বলছিলেন, 'এ রাজ্যে মুসলিমদের মধ্যে একটা আতঙ্ক ছড়িয়ে পড়েছে – আর পুরোটাই করা হচ্ছে পরিকল্পিত ছকে।'

'গবেষণা বলে, যেকোনো দাঙ্গার পরেই মুসলিমরা কিন্তু মিশ্র বসতির এলাকা ছেড়ে গিয়ে নিজেদের ঘেটো-তে গিয়ে বাস করতে চায়। এখানেও ভোটের আগে ভয় দেখিয়ে ঠিক সেভাবেই মুসলিমদের কোণঠাসা করে ফেলা হচ্ছে।'

'রুটিরুজির প্রয়োজনে তাদেরও বাইরে বেরোতেই হয়, কিন্তু উত্তরপ্রদেশে প্রতিটি মুসলিম নারী-পুরুষই জানেন, প্রতিদিন বাড়ির বাইরে পা ফেলেই তারা বিরাট একটা ঝুঁকি নিচ্ছেন!'

যতই অবিশ্বাস্য শোনাক – নির্বাচনের মাত্র কয়েক মাস আগে বিশেষ করে পশ্চিম উত্তরপ্রদেশে বাস্তবতা কিন্তু এটাই।

বয়স বারো হোক বা বাহাত্তর, মুসলিমদের পরিকল্পিতভাবে মারধর করা হচ্ছে, জোর করে বলানো হচ্ছে- জয় শ্রীরাম।

গোটা ঘটনার ভিডিও করে ছড়িয়ে দেয়া হচ্ছে সোশ্যাল মিডিয়াতে – যেগুলো দেখে উল্লাসে ফেটে পড়ছে জাঠদের মহাপঞ্চায়েত। **সূত্র : বিবিসি**।

১১ই জুলাই, ২০২১

ফটো রিপোর্ট | ক্রুসেডার ফ্রান্স ও মুরতাদ বাহিনীর বিরুদ্ধে আল-কায়েদার বীরত্বপূর্ণ অভিযানের দৃশ্য

আল-কায়েদা পশ্চিম আফ্রিকা শাখা জামা'আত নুসরাতুল ইসলাম ওয়াল মুসলিমিন (JNIM) সম্প্রতি প্রায় ১৫ মিনিটের একটি চিত্তাকর্ষক ভিডিও প্রকাশ করেছে।

দলটির অফিসিয়াল আয-যাল্লাকা মিডিয়া ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত নতুন এই ভিডিওটিতে মালিতে চলমান যুদ্ধের বিভিন্ন চিত্র তুলে ধরা হয়। বিশেষ করে ভিডিওটিতে ক্রুসেডার ফ্রান্স, জাতিসংঘ ও মালির মুরতাদ বাহিনীর বিরুদ্ধে পরিচালিত একাধিক অভিযানের ভিডিও চিত্র দেখানো হয়েছে।

ভিডিওটির চিত্তাকর্ষক কিছু দৃশ্য দেখুন...

https://alfirdaws.org/2021/07/11/50657/

আফগান পুনর্গঠনে জোরদার কার্যক্রম চালাচ্ছেন তালিবান মুজাহিদিন

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের 'গণপূর্ত বিভাগ' তালিবান নিয়ন্ত্রিত অঞ্চলে বিভিন্ন ধরণের পুনর্নির্মাণ কাজ চালিয়ে যাচ্ছেন। যা আফগান পুনর্গঠনে তালিবানদের সংস্কার আন্দোলনেরই একটি অংশ।

তালিবান সমর্থক মিডিয়া সূত্রগুলো দেখাচ্ছে যে, তালিবানরা আফগান পুনর্গঠনের আওতায় কান্দাহার প্রদেশের খাকরিজ জেলা থেকে শুরু করে হেলমান্দ প্রদেশের সাংগিন জেলা পর্যন্ত একটি রাস্তা পুনর্নির্মাণ শুরু করেছেন, যা দ্রুত এগিয়ে চলছে। এমনিভাবে গজনি-কান্দাহার মহাসড়কেও তালিবান কর্তৃক পুনর্নির্মাণ কাজ চলছে।

একইভাবে কাবুল-কান্দাহারের গুরুত্বপূর্ণ মহাসড়কেও পুনর্নির্মাণ কাজ চালাতে দেখা গেছে তালিবানদের।

তালিবানরা বলেছেন যে, তাঁরা তাদের দেশ পুনর্গঠনের জন্য সম্পূর্ণ প্রতিশ্রুতিবদ্ধ। তাই এই কাজে তাঁরা কালক্ষেপণ করবেন না।

https://alfirdaws.org/2021/07/11/50654/

সন্ত্রাসী ইসরায়েলি বাহিনীর নির্বিচার গুলিতে ৩৭৯ ফিলিস্তিনি আহত

ইসরায়েলি বাহিনীর নির্বিচার গুলিতে অন্তত ৩৭৯ ফিলিস্তিনি নাগরিক আহত হয়েছেন। তাদের মধ্যে ৩১ জন আহত হয়েছেন ইসরায়েলি বাহিনীর তাজা গুলিতে। অবৈধ নিরাপত্তা চৌকির বিরুদ্ধে শুক্রবার (৯ জুলাই) পশ্চিম তীরে ফিলিস্তিনিদের একটি বিক্ষোভ সমাবেশে গুলি চালালে আহত হন তারা।

স্থানীয় সংবাদমাধ্যমের বরাতে আল-জাজিরা জানায়, পশ্চিমতীরের বেইতা শহরে ফিলিস্তিনিরা টায়ার জ্বালিয়ে বিক্ষোভ করছিলেন এবং ইসরায়েলি বাহিনীর দিকে ঢিল ছুঁড়তে থাকেন। প্রত্যক্ষদর্শীরা জানান, জুমা'র নামাজের পর ইসরায়েলি বাহিনী মিছিল লক্ষ্য করে তাজা গুলি ও রাবারে মোড়ানো স্টিল বুলেট ছোড়ে।

হামলায় ৩৭৯ জনের আহতের খবর জানিয়েছে ফিলিস্তিনি রেড ক্রিসেন্ট। এর মধ্যে তাজা গুলিতে আহত হয়েছেন ৩১ জন। তবে হামলার বিষয়ে ইসরায়েলি কর্তৃপক্ষ কোনো মন্তব্য করেনি।

এদিকে কাফর কাদুম এবং বেইত দাজান শহরেও একই ধরনের ঘটনা ঘটেছে। সেখানে ইসরায়েলি বাহিনীর টিয়ার গ্যাসের কারণে অনেক ফিলিস্তিনিকে চিকিৎসা নিতে হয়েছে।

এ ছাড়া হেব্রুনের মাসাফের ইয়াত্তায় অবৈধ দখলের বিরুদ্ধে ফিলিস্তিনের একটি বিক্ষোভ পণ্ড করে দেয় ইসরায়েলি বাহিনী।

ধারণা করা হয়, পূর্ব জেরুজালেমসহ দখলকৃত পশ্চিম তীরে প্রায় সাড়ে ছয় লাখ ইহুদি বসতি গড়েছে। আন্তর্জাতিক আইন অনুযায়ী, ফিলিস্তিনের দখলকৃত ভূখণ্ডে ইসরায়েলের যে কোনো ধরনের বসতি স্থাপন অবৈধ।

ভারতের নতুন মন্ত্রিসভার ৪২ শতাংশ মালাউনই ফৌজদারি মামলার আসামি

সম্প্রতি মন্ত্রিসভায় বড় রদবদল এনেছে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। গত ৭ জুলাই রাষ্ট্রপতি ভবনে ঘটা করে শপথ নেয় ভারতের নতুন ৪৩ জন মন্ত্রী। কিন্তু শনিবার (১০ জুলাই) মন্ত্রীদের নিয়ে একটি প্রতিবেদন প্রকাশ করে ভারতের অ্যাসোসিয়েশন ফর ডেমোক্র্যাটিক রিফর্মস (এডিআর)। যেখানে বলা হয়েছে, নরেন্দ্র মোদির মন্ত্রিসভার ৯০ শতাংশ মন্ত্রী কোটিপতি। আর ৪২ শতাংশ সদস্যের বিরুদ্ধে রয়েছে ফৌজদারি মামলা। যার মধ্যে বেশ কয়েকজনের বিরুদ্ধে রয়েছে গুরুতর অভিযোগ।

প্রতিবেদন বলছে, একাধিক নবনির্বাচিত মন্ত্রীর বিরুদ্ধে রয়েছে একের বেশি মামলা। নতুন মন্ত্রিসভার ৭৮ সদস্যের মধ্যে ফৌজদারি মামলা রয়েছে মোট ৩৩ জনের বিরুদ্ধে। এদের মধ্যে পশ্চিমবঙ্গের জন বারলা, নিশীথ প্রামাণিক-সহ চারজনের বিরুদ্ধে রয়েছে হত্যা চেষ্টার অভিযোগ।

বাকি ৩৩ জন মন্ত্রীর মধ্যে ২৪ জনের বিরুদ্ধে রয়েছে হত্যা ও ডাকাতির মতো ভয়াবহ মামলা। অর্থাৎ দেশটির মোট মন্ত্রীর ৩১ শতাংশের বিরুদ্ধে রয়েছে গুরুতর অপরাধের মামলা।

এডিআর-এর প্রতিবেদনে আরও বলা হয়েছে, পশ্চিমবঙ্গের আলিপুরদুয়ারের সাংসদ জন বারলার বিরুদ্ধে গুরুতর ৯টি মামলা রয়েছে। পশ্চিমবঙ্গের আরেক সংসদ সদস্য নিশীথ প্রমাণিকের বিরুদ্ধে রয়েছে মোট ১১টি মামলা।

কেন্দ্রীয় মন্ত্রিসভার পাঁচ সদস্যের বিরুদ্ধে রয়েছে সাম্প্রদায়িকতা উসকে দেওয়ার মতো গুরুতর অভিযোগ। নির্বাচনের সময় অবৈধভাবে আর্থিক সুবিধা নেওয়ার অভিযোগ রয়েছে সাত মন্ত্রীর বিরুদ্ধে। এই তথ্যগুলোর বেশিরভাগ সংগ্রহ করা হয়েছে মন্ত্রীদের দেওয়া বিভিন্ন হলফনামা থেকে।

এ তো গেল অপরাধ সংক্রান্ত তথ্য। আর্থিক কেলেঙ্কারির দিক থেকেও রীতিমতো রেকর্ড গড়ল এবারের গেরুয়া শিবির।

এডিআর-এর রিপোর্ট বলছে, প্রধানমন্ত্রীর নতুন মন্ত্রিসভার প্রায় ৯০ শতাংশ অর্থাৎ ৭০ জন সদস্যই কোটিপতি। এর মধ্যে চার মন্ত্রীর সম্পত্তি ৫০ কোটি টাকারও বেশি। নতুন মন্ত্রিসভার মাত্র ৮ সদস্যের সম্পত্তি এক কোটি টাকার কম। নতুন মন্ত্রীদের মধ্যে দরিদ্রতম ত্রিপুরার প্রতিমা ভৌমিক। তাঁর সম্পত্তির পরিমাণ মাত্র ৬ লক্ষ টাকা। বাংলা থেকে মন্ত্রী হওয়া জন বারলা দ্বিতীয় দরিদ্রতম মন্ত্রী। তাঁর মোট সম্পত্তির পরিমাণ ১৪ লক্ষ টাকা। সম্পদ কম থাকলেও তার বিরুদ্ধে রয়েছে হত্যা চেষ্টার মতো গুরুতর অভিযোগ।

সূত্র: আউটলুক ইন্ডিয়া

ভারতে মুসলিম নারীদের অবমান করতে উগ্র হিন্দুদের নতুন চক্রান্ত

ভারতে গত রোববার অনেক মুসলিম নারী হঠাৎ দেখতে পান অনলাইনে বিক্রির জন্য তাদের নিলামে তোলা হয়েছে। এই ঘটনায় তোলপাড় শুরু হয়েছে ভারতে। সামাজিক যোগাযোগ মাধ্যম থেকে মুসলিম নারীদের ছবি নিয়ে তা প্রকাশ করে 'স্যাল্লি ডিলস' নামের একটি অ্যাপ। 'স্যাল্লি' একটি অবমাননাকর শব্দ। ভারতে উগ্র হিন্দুরা মুসলিম নারীদের অবমাননা করতে 'স্যাল্লি' শব্দটি ব্যবহার করে।

সেখানে বলা হয়, এসব নারীদের বিক্রি করা হবে। অ্যাপটিতে ৮০ জনের বেশি নারীর ছবি প্রকাশ করা হয়েছে। যারা বিমান চালনা, আইন পেশা এবং সাংবাদিকতার মতো বিভিন্ন পেশায় সফল। পাশাপাশি সক্রিয় ও সোচ্চার বিভিন্ন সামাজিক আন্দোলনে।

ভারতের পেশাদার পাইলট হানা মহসিন খান। সম্প্রতি এক ওয়েবসাইটে নিজের ছবি দেখতে পান, যেখানে বিক্রির জন্য তাকে রীতিমতো নিলামে তোলা হয়েছে। স্যাল্লি ডিলস নামের একটি অ্যাপে হানা খানের মতো আরও অনেক মুসলিম নারীর ছবি প্রকাশ করা হয়। যেখানে লেখা রয়েছে 'আজ বিক্রির জন্য'।

হয়রানির শিকার ভারতীয় মুসলিম নারী পেশায় পাইলট হানা মহসিন খান বলেন, অ্যাপে ঢুকে কিছুক্ষণ পরই নিজের ছবি দেখতে পাই। ওরা ছবি নিয়েছে আমার টুইটার অ্যাকাউন্ট থেকে, ছবির সাথে আমার টুইটারের ইউজার নেইম ছিলো। এটা ২০ দিন ধরে অনলাইনে ছিল, কিন্তু আমরা তা জানতেই পারিনি। এমন ৮৩টি ছবি ছিলো। পুরো বিষয়টি দেখে ভয়ে আমি রীতিমতো ঠাণ্ডা হয়ে যাই।

ভারতে নারীদের নিলামের এমন ঘটনা নিয়ে চলছে তোলপাড়। বিবিসি জানিয়েছে, মূলত উগ্র হিন্দুত্ববাদীরা মুসলিম নারীদের অবমাননা করতেই স্যাল্লি শব্দটি ব্যবহার করে। ওই অ্যাপ থেকে কোনো নারীর নিলাম হয়নি, অ্যাপটি খোলার আসল উদ্দেশ্য ছিল মুসলিম নারীদের অপমান-অপদস্থ করা। ভারতে যেসব মুসলিম নারী পেশার ক্ষেত্রে সফল এবং বিভিন্ন ইস্যুতে সোচ্চার তাদেরকেই নিশানা করা হয়েছে।

হানা মহসিন খান আরও বলেন, আমি একজন মুসলিম নারী, সফল এবং বিভিন্ন ইস্যুতে সোচ্চার। তাই তারা আমার মুখ বন্ধ করতে চায়, অপদস্থ করে ভয় দেখাতে চায়। তবে আমি ভয় পেয়ে পিছিয়ে যাওয়ার মানুষ নই। পাল্টা অভিযোগ দায়ের করেছি। এই ঘটনার সাথে যারা জড়িত তাদের শেষ দেখে ছাড়বো।

জানা গেছে, জিটহ্যাব নামে একটি ওয়েব প্ল্যাটফর্ম থেকে ওই অ্যাপটি কার্যকর করা হয়েছিল।

ধারণা করা হচ্ছে, ভারতে নাগরিকত্ব আইন এবং তালিকার বিরুদ্ধে হওয়া আন্দোলনে বেশ সোচ্চার ছিলেন দেশটির মুসলিম নারীরা। এসব কারণেই উগ্র হিন্দুত্ববাদীদের লক্ষ্যে পরিণত হয়েছেন তারা।

স্বাধীনতাকামীদের নেতা বুরহান ওয়ানির মৃত্যুবার্ষিকীতে কাশ্মিরীদের ধর্মঘট

ভারত নিয়ন্ত্রিত কাশ্মিরে স্বাধীনতাকামী সশস্ত্র সংগঠন হিজবুল মুজাহিদিনের নেতা বুরহান ওয়ানির মৃত্যুবার্ষিকীতে সর্বাত্মক ধর্মঘট পালন করেছেন কাশ্মিরীরা। বৃহস্পতিবার ওয়ানির ৫ম মৃত্যুবার্ষিকীতে উপত্যকার বিভিন্ন স্থানেই ধর্মঘট পালন করা হয়।

২০১৬ সালের ৮ জুলাই কাশ্মিরের অনন্তনাগ জেলার কোকেরনাগ উপজেলার বুমদুরা গ্রামে ভারতীয় সামরিক ও নিরাপত্তা বাহিনীর যৌথ অভিযানে এক বন্দুক যুদ্ধে বুরহান ওয়ানি শহিদ হন। তার হত্যার ঘটনায় ওই সময় পুরো কাশ্মিরে অস্থিরতা ছড়িয়ে পড়েছিল। ওই সময় কাশ্মিরীদের বিক্ষোভে ভারতীয় মালাউন বাহিনীর হামলায় এক শ'র বেশি প্রাণহানি হয় এবং আরো শত শত লোক আহত হন।

রাজধানী শ্রীনগরের বিভিন্ন স্থানে ধর্মঘটের কারণে দোকানপাট বন্ধ থাকতে দেখা যায়। ভারতীয় সংবাদপত্র হিন্দুস্তান টাইমসকে শ্রীনগরের এক ফেরিওয়ালা মোহাম্মদ আকবর বলেন, 'বুরহান ওয়ানির স্মরণে লোকজন ধর্মঘট পালন করছে। বেশিরভাগ দোকানই বন্ধ রয়েছে। সাথে সাথে সকাল থেকেই গাড়ি চলাচল কম তবে বিকেল থেকে আবার চলাচল শুরু হয়েছে।'

অপরদিকে বুরহান ওয়ানির জন্মস্থান পুলওয়ামা জেলায় বিক্ষোভের আশঙ্কায় মালাউন বাহিনী কঠোর অবস্থান নিয়েছে।

বিলাল আহমেদ নামে স্থানীয় এক বাসিন্দা জানান, জেলায় সরকারী বাহিনীর সদস্যদের উপস্থিতি বাড়ানো হয়েছে। এছাড়া বিভিন্ন স্থানে চেক পয়েন্ট স্থাপনের সাথে সাথে মোবাইল ইন্টারনেট বন্ধ করে দেয়া হয়েছে।

সূত্র : হিন্দুস্তান টাইমস।

১০ই জুলাই, ২০২১

আমরা চাইলে দুই সপ্তাহে পুরো আফগান নিয়ন্ত্রণে নিতে পারি – তালিবান

মস্কোয় তালিবান প্রতিনিধি দলের প্রধান মৌলভী শাহাবুদ্দিন দিলোয়ার মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সাম্প্রতিক মন্তব্যে প্রতিক্রিয়া জানিয়ে বলেছেন যে, তালিবানরা চাইলে দুই সপ্তাহের মধ্যে পুরো আফগানিস্তানের নিয়ন্ত্রণ নিতে পারে।

গত ৮ জুলাই বৃহস্পতিবার, সাংবাদিকরা জো বাইডেনের নিকট তালিবানরা ক্ষমতায় আসবেন কিনা জানতে চাইলে বাইডেন বলেছিল, "না!" আমি তালিবানকে বিশ্বাস করি না, তবে আমি 300,000 সদস্যের শক্তিশালী আফগান বাহিনীকে বিশ্বাস করি।

অন্যদিকে, আফগান তালিবানরা মার্কিন রাষ্ট্রপতি বাইডেনের এই মন্তব্যকে ব্যক্তিগত মতামত বলে বিবেচনা করেন। এ বিষয়ে মস্কো সফররত আফগান তালিবান প্রতিনিধি দলের প্রধান, মৌলভী শাহাবুদ্দিন দিলোয়ার বলেছেন যে, তাঁরা চাইলে দুই সপ্তাহের মধ্যে পুরো আফগানিস্তান দখল করতে পারেন। তাছাড়া বর্তমানে আফগানিস্তানের ৮৫% অঞ্চলের ওপর তালিবানদের নিয়ন্ত্রণ রয়েছে বলেও জানান তিনি।

মৌলভী শাহাবুদ্দীন দিলোয়ার আরও যোগ করেছেন যে, আমরা দখলদার বিদেশী বাহিনীকে শান্তিপূর্ণভাবে আফগানিস্তান ছাড়ার সুযোগ দিয়েছি।

অপরদিকে মস্কো সফররত আফগান তালিবান প্রতিনিধি দলের অপর একজন সদস্য জানান, বর্তমানে আফগানিস্তানের সমস্ত সীমান্ত অঞ্চল তালিবান মুজাহিদদের নিয়ন্ত্রণে রয়েছে। তিনি আরও বলেন, দেশে একটি নতুন শাসন-ব্যবস্থা ফিরিয়ে আনার লক্ষ্যে তালিবানরা জোরদার প্রচেষ্টা শুরু চালিয়ে যাচ্ছেন।

পাকিস্তান | পাক-তালিবানের পাল্টা হামলায় ৫ মুরতাদ সৈন্য নিহত

পাকিস্তানের দক্ষিণ ওয়াজিরিস্তানে দেশটির মুরতাদ সেনাবাহিনীর একটি অভিযান ব্যর্থ করে দিয়েছেন তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) জানবাজ মুজাহিদগণ।

রিপোর্ট অনুযায়ী গত ৯ জুলাই সন্ধ্যায়, পাকিস্তানের দক্ষিণ ওয়াজিরিস্তানের মার্কিন সীমান্তের কালান্দর-কুন্ড সেরাই এলাকায় দেশটির মুরতাদ সেনাবাহিনী টিটিপির জানবাজ মুজাহিদদের অবস্থানে আক্রমণ চালানোর চেষ্টা করেছিল। ফলশ্রুতিতে মুজাহিদদের তীব্র প্রতিরোধের শিকার হয় মুরতাদ সৈন্যরা। এসময় মুজাহিদগণ তীব্র পাল্টা হামলা চালালে মুরতাদ বাহিনীর ৫ সেনা সদস্য নিহত হয়, আহত হয় আরও বেশ কিছু সৈন্য। অপরদিকে এলাকাটিতে অবস্থানরত সমস্ত মুজাহিদ আল্লাহর রহমতে নিরাপদে ছিলেন। আলহামদুলিল্লাহ্।

তেহরিক-ই-তালিবান পাকিস্তানের কেন্দ্রীয় মুখপাত্র- মোহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ প্রতিরোধ যুদ্ধের সংবাদটির সত্যতা নিশ্চিত করেছেন।

করোনাকালীন বিশ্বে রোগে মৃত্যুর হার মিনিটে ৭ জন, অপরদিকে ক্ষুধায় ১১ জন

করোনাকালীন বিশ্বে রোগাক্রান্তে মৃত্যুর চেয়েও অধিক লোক অভাবের তাড়নায় না খেয়ে মারা যাচ্ছে।

গত ৯ জুলাই শুক্রবার আন্তর্জাতিক দাতব্য সংস্থা, অক্সফামের প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়, করোনাকালীন সময়ে অভাবের তাড়নায় ক্ষুধার্ত অবস্থায় বিশ্বে প্রতি মিনিটে ১১ জন লোক মারা যাচ্ছেন; যেখানে বিশ্বব্যাপী রোগাক্রান্ত হয়ে মারা যাচ্ছে মিনিটে ৭ জন।

প্রতিবেদন আরো যোগ করা হয়, বিশ্বব্যাপী দুর্ভিক্ষের মতো পরিস্থিতি গত বছরের তুলনায় চলতি বছর আরও ছয় গুণ বৃদ্ধি পেয়েছে।

অক্সফামের মতে, বিশ্বে বর্তমানে ১৫৫ মিলিয়ন (১৫ কোটি ৫০ লাখ) মানুষ চরম খাদ্য সংকটের মধ্যদিয়ে দিন পার করছে; যাদের মধ্যে দুই-তৃতীয়াংশ লোক কুফরি বিশ্ব ব্যবস্থায় রাষ্ট্র যন্ত্র কর্তৃক সামারিক সংঘাতের কারণে অনাহারে দিন কাটান।

করোনাকালীন সময়ে বাংলাদেশ সহ বিশ্বের বিভিন্ন দেশে বেকারত্বের হার উদ্বেগজনকভাবে বেড়েছে বলে জানিয়েছে সংস্থাটি।

তাছাড়াও করোনাকালে বিশ্বে খাদ্য উৎপাদন মারাত্মকভাবে ব্যাহত হয়েছে। ফলে বিশ্বব্যাপী খাদ্য সংকট বৃদ্ধি পেয়েছে। এ সময়ে খাদ্যের দাম ৪০ শতাংশ পর্যন্ত বেড়েছে, যা বিগত ১০ বছরের মধ্যে সর্বোচ্চ।

তালিবানের নিয়ন্ত্রণে ব্যস্ততম ৫ টি বন্দর, প্রতিদিন কয়েক লাখ ডলার আয়ের সম্ভাবনা

ইমারাতে ইসলামিয়া আফগানিস্তানের জানবাজ তালিবান মুজাহিদগণ আফগানিস্তান থেকে দখলদার সাম্রাজ্যবাদী পরাশক্তি ও তাদের দোসরদের হটিয়ে সমগ্র আফগানিস্তানে ইসলামী শরিয়াহ ভিত্তিক স্বপ্নের ইমারাত প্রতিষ্ঠার লক্ষ্যে দুর্বার গতিতে এগিয়ে চলেছেন।

তারই ধারাবাহিকতায় তালেবান বীর মুজাহিদরা কুন্দুজ প্রদেশের ব্যস্ততম "শের খান" বন্দর পূর্ণ নিয়ন্ত্রণে নিতে সক্ষম হয়েছেন। ফলে বন্দরটি থেকে দৈনিক ২.৫ মিলিয়ন আফগানি বা ৩২ হাজার মার্কিন ডলারেরও

বেশি রাজস্ব তালিবানরা অর্জন করতে সক্ষম হবেন বলে আফগান সরকারপন্থী গণমাধ্যম 'টোল' নিউজ জানিয়েছে।

দ্য আফগান চেম্বার অব কমার্স অ্যান্ড ইনভেস্টমেন্ট জানিয়েছে, তালিবান মুজাহিদরা শের খান বন্দর ও কাস্টমস অফিস দখলে নেয়ার পর থেকে কাবুল প্রশাসনের সব কার্যক্রম সেখানে বন্ধ হয়ে গেছে। উল্লেখ্য, বন্দরটি তাজিকিস্তান সীমান্তে অবস্থিত।

খবরে বলা হয়, এ বন্দরে প্রতিদিন ২ শ'র অধিক যানবাহন কাস্টমস ক্লিয়ারেন্সের জন্য আসতো, যা বর্তমানে তালিবানরা নিয়ন্ত্রণ করছে।

কুন্দুজ প্রদেশের কাউন্সিল সদস্য খালিদুদ্দিন হাকিমি বলেন, "বন্দরের সব দালাল কর্মকর্তাকে তালিবানরা বরখাস্ত করেছেন। মুজাহিদরা জানিয়েছেন, বন্দরের যেসব কর্মকর্তা ও কর্মচারী কাজ করতে ইচ্ছুক তারা যেন দুইদিন পরে আসে। তাদের পুনরায় নিয়োগ দেওয়া হবে বলে তালিবানরা নিশ্চয়তা দিয়েছেন।

খবরে বলা হয়, ইতোমধ্যে তালিবান ওই বন্দরে একজন পরিচালক নিয়োগ দিয়েছে। একই সঙ্গে তারা ব্যবসায়ীদের বন্দরে দ্রুত কার্যক্রম শুরু করার আহবান করেন।

কাবুল অর্থমন্ত্রণালয়ের মুখপাত্র রাফি তাবেহ বলে, চলতি বছরের প্রথম ছয় মাসে ওই বন্দর থেকে ৪৭৬ মিলিয়ন আফগানি বা ৬০ লাখ মার্কিন ডলারেরও বেশি রাজস্ব আয় করেছিল দালাল কাবুল প্রশাসন।

উল্লেখ্য, আফগানিস্তানের প্রধান ও ব্যস্ততম বন্দর ৬ টি, ইতিমধ্যে যার ৫ টিই তালিবানরা নিয়ন্ত্রণে নিতে সক্ষম হয়েছেন। এসব পথ দিয়েই প্রতিবেশী দেশগুলোর সাথে পণ্য আমদানি-রপ্তানি হয়ে থাকে। যার ফলে তালিবানরা এসব বন্দর থেকে এখন থেকে প্রতিদিন কয়েক লাখ মার্কিন ডলার রাজস্ব অর্জন করতে পারবেন ইনশা আল্লাহ।

সরকারি আশ্রয়ণ প্রকল্পগুলো যেন একেকটা মরণফাঁদ!

বছর না পার হতেই জামালপুর জেলার সরিষাবাড়ি উপজেলায় ঘরহীন মানুষের জন্য নির্মিত আশ্রয়ন প্রকল্পের অধিকাংশ ঘরে বিরাটাকার ফাটল তৈরি হয়েছে। ।

পোগলদিঘা ইউনিয়নের তারাকান্দি রেলস্টেশন থেকে অর্ধ কিলোমিটার পশ্চিমে অগ্রসর হলেই চোখে পড়ে আশ্রয়ণ প্রকল্পের আওতায় নির্মিত বেশ কিছু ঘর। দূর থেকে ঘরগুলো মনোরম এবং সুদৃশ্য মনে হলেও কাছে গেলেই দৃশ্যমান হবে আশ্রয়ণ প্রকল্পের গৃহহীন লোকদের দুর্ভোগের নানা চিত্র।

প্রকল্পের প্রায় প্রতিটি ঘরেই কিছু না কিছু ফাটল দেখা যাবে; যা ঘর তৈরিতে অবহেলা এবং লাগামহীন দুর্নীতির প্রমাণ চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিবে।

ভুক্তভোগীরা জানান,"চলতি বছরে আমাদের কাছে জমির কাগজপত্রসহ ঘরের চাবি হস্তান্তর করা হলেও, প্রকল্পের ঘরগুলোতে বিদ্যুৎ, সুপেয় পানি ও নিরাপত্তার যথেষ্ট অভাব রয়েছে। তাছাড়া যাতায়াতের অসুবিধা, বর্ষা মৌসুমে ঘরের অর্ধেক পর্যন্ত পানি ওঠার ভয়ে আমরা খুবই দুশ্চিন্তায় রয়েছি।"

তারা আরো জানান, "আশ্রয়ন প্রকল্পগুলোতে ব্যপক দুর্নীতি ও অনিয়মের ফলে ঘরগুলোতে মারাত্মক ফাটল দেখা দিয়েছে। ঘরে উঠতে না উঠতেই এমন ফাটল দেখা দেয়ায় যেকোন সময় ঘরগুলো ভেঙ্গে বড় ধরণের দুর্ঘটনার ভয়ে আমরা ভীষণ শঙ্কিত আছি।"

প্রকল্পগুলোর নির্মাণে অবহেলা ও নিম্নমানের নির্মাণ সামগ্রী ব্যবহারের দায়ভার অবশ্যই প্রকল্প অফিসারসহ সংশ্লিষ্ট কাজের সাথে জড়িতদের নিতে হবে বলে প্রকল্পের বাসিন্দারা জানায়।

তবে ভুক্তভোগীদের অনেকেই দাবী করেন, জনগণের ট্যাক্সের টাকায় নির্মিত এসব প্রকল্পের নামে সরকারি আমলারা সুকৌশলে জনগণের অর্থ আত্মসাতেই অধিক ব্যস্ত।

তারা অভিযোগ করে বলেন, "ইউএনও স্যার ঠিক করে দেয়ার আশ্বাস দিলেও তা শুধুই সান্তনার বানী মাত্র।"

০৯ই জুলাই, ২০২১

পাকিস্তান | টিটিপির টার্গেট কিলার মুজাহিদদের হাতে বেশ কিছু সৈন্য হতাহত

পাকিস্তানের দির জেলায় দেশটির মুরতাদ বাহিনীর উপর ২টি পৃথক হামলার ঘটনায় ৩ সৈন্য নিহত এবং বেশ কিছু সৈন্য আহত হয়েছে।

বিশদ মতে, গত ৭ জুলাই রাতে তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) টার্গেট কিলার মুজিহিদিনরা লোয়ার দির থানার সাচ্চা মীরা চেকপোস্ট লক্ষ্যবস্তু করে সফল হামলা চালিয়েছেন। এসময় মুজাহিদদের হামলার শিকার হয় কনস্টেবল হুসেন নামক এক মুরতাদ।

এই হামলার তিন দিন আগে দির ময়দানের কোলাল-ডেরি এলাকায় অবস্থিত মুরতাদ বাহিনীর আরও একটি পোস্টে হামলা চালিয়েছিলেন টিটিপির মুজাহিদগণ। যাতে ২ মুরতাদ সৈন্য নিহত এবং পোস্টে থাকা অন্য সৈন্যরা আহত হয়েছে।

তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) কেন্দ্রীয় মুখপাত্র- মোহাম্মদ খোরাসানী হাফিজাহুল্লাহ্ এক বার্তায় উভয় হামলার দায় স্বীকার করেছেন।

https://ibb.co/dBdVCqw

ফটো রিপোর্ট | মুজাহিদদের কাছে সম্মিলিত কুফফার জোটের সূচনীয় পরাজয়ের পরের চিত্র

গত ৬ জুলাই সোমালিয়ার ৩টি শহর বিজয়কালে আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদদের কাছে শোচনীয় পরাজয় বরণ করে সম্মিলিত কুফফার জোট। যেই যুদ্ধে মুজাহিদদের বিরুদ্ধে ময়দানে অবতীর্ণ হয় সোমালিয় মুরতাদ সৈন্যদের পাশাপাশি সেক্যুলার তুরস্ক আমেরিকার প্রশিক্ষিত ২টি স্পেশাল ফোর্স এবং বিমান বাহিনী। এত কিছুর পরেও মুরতাদ সৈন্যরা শহর রক্ষা এবং নিজদের পরাজয় ঠেকিয়ে রাখতে পারেনি। বরং মুজাহিদদের হামলার নিজেদের ৭০ সৈন্যকে হারিয়ে ময়দান ছেড়ে পালিয়েছিল সম্মিলিত এই জোট। পলায়নের সময় নিজেদের ২০ সৈন্যর মৃত্য দেহ ময়দানে রেখেই শহর ত্যাগ করে অন্যান্য সৈন্যরা।

শহরগুলো বিজয়ের পরের সামান্য কিছু চিত্র দেখুন

https://alfirdaws.org/2021/07/09/50613/

০৮ই জুলাই, ২০২১

হাসপাতালেই চিকিৎসককে পেটালো ছাত্রলীগ সন্ত্রাসীরা

ঝিনাইদহের মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্তব্যরত এক চিকিৎসককে মারধর করেছে ছাত্রলীগের নেতাকর্মীরা।

গত রবিবার (৪ জুলাই) রাত দেড়টার দিকে হাসপাতালের জরুরি বিভাগের সামনে এ ঘটনা ঘটে। বুধবার (০৭ জুলাই) মারধরের একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে।

ভিডিওতে দেখা যায়, হাসপাতালের জরুরি বিভাগের সামনে দায়িত্বরত চিকিৎসক নাফিজ আহম্মদ’র সঙ্গে তর্ক-বিতর্ক করছেন একদল যুবক। এক পর্যায়ে তাকে মারধর শুরু করে দুই তিন জন। মারধরের এক

পর্যায়ে ঘরের মধ্যে তিনি চলে যেতে চাইলে তাকে জামা ধরে দরজা থেকে টেনে এনে আবারও লাথি ও কিল ঘুষি মারতে থাকে।

মহেশপুর উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডা. হাসিব আহম্মেদ বলেন, গত রবিবার রাত দেড়টার দিকে জুয়েল রানা নামে এক যুবক বুকের ব্যথা নিয়ে স্ত্রীর সঙ্গে হাসপাতালে আসেন। সেসময় জরুরি বিভাগে ডিউটিরত ছিলেন মেডিকেল অফিসার ডা. নাফিজ আহম্মদ। জুয়েল রানাকে দেখে ব্যবস্থাপত্র দিয়ে তার স্ত্রী তানিয়াকে হাসপাতালের উপরের বেডে যেতে বলেন ডা. নাফিজ। স্বাস্থ্য পরীক্ষা করে সকালে ডাক্তার দেখাতে বলেন। এ সময় ডাক্তার ও রোগীর স্ত্রী তানিয়ার সঙ্গে তর্কবিতর্কের ঘটনা ঘটে।

এ ঘটনার পর উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুজ্জামান বিপাশ ও তার সহযোগী ইসরাফিল হোসাইন বাবু, সাদ্দাম হোসেন ও আমির হোসেন জরুরি বিভাগের সামনে এসে ডাক্তারকে ডাকেন। এক পর্যায়ে তারা ডাক্তারকে মারধর করে।

বিনা কারণে বয়স্ক ফিলিস্তিনিকে আটক করলো অভিশপ্ত ইসরায়েল বাহিনী

ফিলিস্তিনে ইসরায়েলি বাহিনী আল-আকসা মসজিদে হামলা চালিয়ে বয়স্ক এক মুসলিম ব্যক্তিকে আটক করেছে।

গত ৫ ই জুলাই আল-আকসায় ফজরের নামাজে অংশ নিতে মসজিদের গেইটে পৌঁছতেই আবু বকর শিমি নামে এক প্রবীণ ফিলিস্তিনিকে গ্রেফতার করে।

দখলদার বাহিনী নিয়মিত মসজিদের গেইটগুলোতে অবস্থান নেয় এবং বিভিন্ন সময় ফিলিস্তিনিদের উপর আক্রমণ চালায়।

অন্যদিকে, গ্রেফতারের আগে ইসরায়েলি সেনাবাহিনীর সহযোগিতায় ফজরের নামাজের সময় কয়েক ডজন ইহুদি আল-আকসায় প্রাঙ্গণে ঢুকে মসজিদের পবিত্রতা নষ্ট করেছে। এরপর আল-আকসায় ইবাদতরত মুসল্লিদের উসকানি দিতে থাকে।

মুসলিমদের বারবার আপত্তি ও নিষেধ করা সত্ত্বেও দখলদার কর্তৃপক্ষ পবিত্র মসজিদ আল-আকসায় নাপাক ইহুদিদের জোরপূর্বক অনুপ্রবেশ করিয়ে মুসল্লিদের উসকানি দিয়ে থাকে।

সূত্র : কুদুস নিউজ নেটওয়ার্ক।

থালা হাতে রাস্তায় ব্যবসায়ীরা

চলমান লকডাউন প্রত্যাহারের দাবিতে রাজশাহীতে থালা হাতে বিক্ষোভ করেছে ব্যবসায়ী ঐক্য পরিষদ।

বৃহস্পতিবার (৮ জুলাই) সকাল ১১টায় সাহেব বাজার এলাকায় রাস্তার ওপরে তারা বিক্ষোভ কর্মসূচি শুরু করেন।

ব্যবসায়ী ঐক্য পরিষদের যুগ্ম সম্পাদক ইয়াসিন আলী বলেন, টানা লকডাউনে আমরা কর্মচারীদের বেতন দিতে না পারায় বাধ্য হয়ে নামতে হচ্ছে রাস্তায়।

আমরা লকডাউনের প্রত্যাহারসহ আমাদের দাবি জানিয়ে জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দিয়েছি।

তামাশার লকডাউনে দুধ ও কোরবানির পশু নিয়ে বিপাকে খামারিরা

সরকারের চাপিয়ে দেয়া লকডাউনে অর্ধেক দামেও মিলছে না দুধের ক্রেতা। সংরক্ষণ করতে না পারায় নষ্ট হচ্ছে লিটারের পর লিটার দুধ। অন্যদিকে, খামারিদের দুশ্চিন্তার শেষ নেই কোরবানির পশু বিক্রি নিয়েও।

সামনে কোরবানির ঈদ। সে জন্য প্রায় ৩৭ মণ ওজনের একটি ষাঁড় প্রস্তুত করে তা নিয়ে চরম বেকায়দায় পড়েছেন গাইবান্ধার গোবিন্দগঞ্জের জিরাই গ্রামের প্রান্তিক খামারি শাহজাহান আলী। ধারদেনার টাকায় বহু কষ্টের ষাঁড়টির ন্যায্যমূল্য না পেলে পথে বসতে হবে তাকে।
শাহজাহান আলী বলেন, কোরবানিতে ষাঁড়টি বিক্রি করতে না পারলে আমার অনেক ক্ষতি হবে। অনেক ধারদেনা করে ষাঁড়টির খাবার জোগাড় করতে হয়েছে। দোকানে অনেক বাকিও পড়েছে গেছে। লালন-পালন করা ষাঁড়টি বিক্রি করেই ধারদেনা শোধ করার ইচ্ছা রয়েছে শাহজাহান আলীর পরিবারের।
অন্যদিকে জেলার রেস্তোরাঁ থেকে মিষ্টির দোকান লকডাউনে সবই বন্ধ। ফলে ৬০ টাকা লিটারের দুধ ৩০ টাকায় দিয়েও ক্রেতা পাচ্ছে না মহিমাগঞ্জের অ্যামেক্স ডেইরি। অনুরোধ করে অর্ধেক দামে দুধ দিয়েও ক্রেতা না মেলায় বাড়তি দুধ ফেলে দিতে বাধ্য হচ্ছে তারা।
খামারটির এক কর্মকর্তা-কর্মচারীরা বলেন, প্রতি লিটার দুধ উৎপাদনে খরচ পড়ে যায় ৫০ থেকে ৫২ টাকার মতো। অথচ অর্ধেক দামেও বিক্রি করে দুধ থেকে যাচ্ছে। প্রতিদিন প্রায় ৬০ লিটার দুধ বিক্রি হচ্ছে না। এমন পরিস্থিতিতে খামারটি বন্ধ হয়ে গেলে সেখানে কর্মরত ২০-২৫ জন কর্মচারী বেকার হয়ে যাবেন বলেও জানান তারা।

গত কোরবানি ঈদে ৬৭ হাজার পশুর চাহিদা থাকলেও এবার জেলার প্রায় ১৩

হাজার খামার ও ব্যক্তি পর্যায়ে প্রস্তত করা হয়েছে প্রায় ৯০ হাজার পশু। অন্যদিকে ছোট বড় মিলে প্রায় ১১ হাজার খামারে প্রতিদিন উৎপাদন হচ্ছে ৩৭৬ মেট্রিক টন দুধ।

যথেষ্ট কুরবানির পশু থাকার পর সকলের দুশ্চিন্তা সঠিকভাবে পশু ক্রয় বিক্রয় নিয়ে। সরকারের ত্বাগুত বাহিনী কোথাও পশুর হাট বসতেই দিচ্ছে না।
কোথাও বসলেও ছত্রভঙ্গ করে দেয়। গরু নিয়ে আসা খামারীরা পুলিশের ঝটিকা অভিযানে দিগ্বিদিক ছোটাছুটি করতে থাকে।
এদিকে খামারীদের অভিযোগ, প্রশাসনের এমন অভিযানে তাদের অনেক গরু হারিয়ে গেছে।

সাতক্ষীরায় মাংস ব্যবসায়ীকে পিটিয়ে হত্যা

সাতক্ষীরার কলারোয়া উপজেলার এক মাংস ব্যবসায়ীকে পিটিয়ে হত্যা করা হয়েছে।

বুধবার রাতে উপজেলার যুগিখালী ইউনিয়নের ওফাপুর গ্রামের তালতলা মোড়ে এ ঘটনা ঘটে।

নিহত শেখ রেজাউল (৬০) ওফাপুর গ্রামের মৃত শেখ আব্দুল গফুরের ছেলে।

কলারোয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের দায়িত্বরত মেডিকেল কর্মকর্তা ডা. ওহিদুজ্জামান ঢাকা পোস্টকে বলেন, রাতে শেখ রেজাউল নামে এক ব্যক্তিকে মৃত অবস্থায় হাসপাতালে আনা হয়েছে।

উলেখ্য, বাংলাদেশের পাশের দেশ ভারতে গরু জবাই, গোমাংশ বহনে অযুহাতে মুসলিমদের পিঠিয়ে মারার বহু ঘটনা ঘটছে। বাংলাদের হিন্দুরাও মুসলিমদের গো হত্যা বন্ধে নানা ষড়যন্ত্র করে যাচ্ছে।

কিছুদির পূর্বে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির ক্যান্টিনে গরুর মাংস রান্না করার প্রতিবাদ জানিয়েছে সুপ্রিমকোর্ট বার শাখা হিন্দু আইনজীবীদের ঐক্য পরিষদ। একইসঙ্গে ক্যান্টিনে গরুর মাংস রান্না বন্ধ করতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে সমিতির বর্তমান কমিটির প্রতি আহ্বান জানানো হয়েছে।

আইনজীবী ঐক্য পরিষদের সুপ্রিম কোর্ট শাখার সভাপতি বিভাস চন্দ্র বিশ্বাসসহ আবেদনপত্রে স্বাক্ষরকারী অন্য আইনজীবীরা হল, আইনজীবী ঐক্য পরিষদের সম্পাদক অনুপ কুমার সাহা, আইনজীবী সমিতির বিজয়া পুনর্মিলনী ও বাণী অর্চনা পরিষদের আহ্বায়ক জয়া ভট্টচার্য এবং সদস্য সচিব মিন্টু চন্দ্র দাস।

মুসলিমদের ঈদুল আযহায় গরু জবাই বন্ধ করতেও তারা নানা চক্রান্ত করে থাকে।

তাই মুসলমানদের ঈদুল আযহাকে সামনে রেখে মাংশ ব্যবসায়ীকে পিটিয়ে মারার ঘটনায় হিন্দুদের সমপৃক্ততাকে উড়িয়ে দেওয়া যায় না।

কাশ্মীরে মালাউন বাহিনীর গুলিতে দুই নিরীহ মুসলিম যুবক নিহত

স্বাধীনতাকামী সংগঠনের সাথে যুক্ত থাকার অভিযোগ এনে কাশ্মীরে দুই নিরীহ যুবককে গুলি করে হত্যা করেছে ভারতীয় দখলদার বাহিনী। তবে সেই ২ যুবককে মিথ্যা অভিযোগে বিচারবহির্ভূতভাবে হত্যা করা হয়েছে বলে দাবি স্থানীয়দের।

কাশ্মীরের গণমাধ্যম সূত্রে জানা গেছে, ভারতের দখলদার বাহিনী কাশ্মীরের কুপওয়ারা জেলায় সার্চ অভিযান চালায়। এ সময় তারা অনুমতি ছাড়া কাশ্মীরিদের বাড়িঘরে প্রবেশ করে। ঘরের চার দেয়ালে থেকেও কাশ্মীরি নারীরা নিরাপদে বসবাস করতে পারছেন না এর মাধ্যমে বিষয়টি আবারো স্পষ্ট হল।

এই অভিযান চালানোর সময় দুই যুবকের ওপর স্বাধীনতাকামীদের সাথে জড়িত থাকার অভিযোগে গুলি করে হত্যা করে ভারতীয় সন্ত্রাসী বাহিনী।

তবে স্থানীয়রা গণমাধ্যমকে জানিয়েছেন, পুলিশের অভিযোগ মিথ্যা, তারা অন্যায় ভাবে দুই যুবককে ধরে নিয়ে যাওয়ার পর বিচারবহির্ভূতভাবে তাদেরকে শহীদ করেছেন।

সূত্র: এক্সপ্রেস নিউজ

০৭ই জুলাই, ২০২১

সোমালিয়ায় আল-কায়েদার কাছে কুফ্ফার বাহিনীর শোচনীয় পরাজয়, ৩টি শহর বিজয় এবং ৭০ সৈন্য নিহত

সোমালিয়ার মধ্যাঞ্চলীয় মাদাক রাজ্যে কুফ্ফার বাহিনীকে শোচনীয়ভাবে পরাজিত করার মাধ্যমে রাজ্যটির বৃহৎ ৩ টি শহর বিজয় করে নিয়েছেন আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাব মুজাহিদিন।

জানা যায় যে, গত ৬ই জুলাই মঙ্গলবার দিনভর মাদাক রাজ্যের কয়েকটি শহরে একযোগে বেশ কিছু অভিযান চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এসময় সোমালিয় মুরতাদ বাহিনী মুজাহিদদের হামলার ফলে ব্যাপক ক্ষয়ক্ষতির শিকার হয় এবং দুইটি শহর ছেড়ে পালিয়ে যায়। মুরতাদ বাহিনীর শহর ছেড়ে পালায়নের পর মুজাহিদগণ শহর দুইটিতে নিজেদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেন।

এরপর উক্ত শহর দুইটি উদ্ধার করতে মুজাহিদদের উপর বড় পরিসরে সম্মিলিত হামলা চালায় কুফ্ফার বাহিনী। কিন্তু এসময় মুজাহিদদের দ্বিতীয় দফায় পর্বতসম প্রতিরোধের মুখে পড়ে কুফ্ফার বাহিনীর সম্মিলিত এই জোট। মুজাহিদদের থেকে শহর উদ্ধার করার পরিবর্তে কুফ্ফার বাহিনী নতুন করে আরও একটি শহর

মুজাহিদদের হাতে ছেড়ে পালাতে বাধ্য হয়। যার ফলে একদিনে মুজাহিদদের হাতে বিজিত শহরের সংখ্যা দাঁড়ায় ৩টিতে। শহরগুলো হল- বাদউইন, ক্বাইয়াদ ও সাবিনা-জোউরা।

এই উদ্ধার অভিযানে অংশ নেয় সেকুলার তুরস্ক ও আমেরিকার প্রশিক্ষিত দুইটি স্পেশাল ফোর্সের সদস্যরা। এসময় ক্রুসেডার মার্কিন বাহিনী তাদের এয়ার সাপোর্ট দিয়ে মুরতাদ সৈন্যদের সাহায্য করতে থাকে।

আল-শাবাবের নিউজ পোর্টাল শাহাদাহ্ এজেন্সি জানিয়েছে, সম্মিলিত এই জোট মাদাক রাজ্যের ওয়াসল শহর থেকে সর্বপ্রথম তাদের উদ্ধার অভিযান চালাতে শুরু করে। সেখানে উভয় পক্ষের মধ্যে প্রচন্ড গোলাগুলির পর মুজাহিদদের হাতে ডজনখানেক কুফ্ফার সেনা নিহত হয় এবং একাধিক সাঁজোয়া যান ধ্বংস হয়ে যায়। পরে এলাকাটি থেকে পিছু হটে সৈন্যরা।

এসময় ওয়াসল শহর থেকে ৫ কিলোমিটার দূরে সাবিনা-জোউরা নামক এলাকায় পরপর ৪ বার সরকারপন্থী মিলিশিয়ারা আক্রমণ চালায় এবং প্রতিবারই আল-শাবাবের প্রচন্ড প্রতিরোধের মুখে পড়ে তাদের আক্রমণ ব্যর্থ হয়। এখানেও ডজনখানেক লাশ ফেলে রেখে ও সাঁজোয়া যান হারিয়ে মুরতাদ বাহিনী পিছু হটে যায়।

একইভাবে বাদউইন শহর থেকে প্রায় ৩০ কিলোমিটার দূরের একটি শহরে সোমালি বাহিনীর আক্রমণের ব্যর্থতা এবং শহরটিতে মুজাহিদীনদের পূর্ণ নিয়ন্ত্রণের ব্যাপারে খোদ সরকারপন্থি মিডিয়াগুলোই রিপোর্ট করেছে।

এরপর মুজাহিদরা বাদউইন এবং কাইয়াদ জেলার কাছে সোমালি স্পেশাল ফোর্সের উপর কাউন্টার-এ্যাটাক পরিচালনা করেন। হামলায় আরো বেশ কিছু স্পেশাল ফোর্সের সদস্য নিহত হয় এবং সাঁজোয়া যান ক্ষতিগ্রস্ত হয়।

মুরতাদ সোমালি বাহিনীর এই আক্রমণাত্মক অভিযান শুধু যে সেনাবাহিনী দিয়ে চালানো হয়েছে তা নয়। অভিযান চালানোর সময় সরকারপন্থী মিডিয়াগুলো মুজাহিদদের শোচনীয় পরাজয় এবং সরকারি বাহিনীর একচেটিয়া নিয়ন্ত্রণের ব্যাপারে মিথ্যা সংবাদ ছড়িয়ে দেয়। কিন্তু দিনশেষে তাদের সব চক্রান্তই ব্যর্থতায় পর্যবসিত হয়।

শাহাদা নিউজ এজেন্সির মতে দিনভর চলা এই যুদ্ধে দখলদার তুরস্ক ও আমেরিকার প্রশিক্ষিত সোমালি স্পেশাল ফোর্সের ৭০ সেনা নিহত হয়েছে এবং এই সংখ্যা আরো বাড়তে পারে। এছাড়াও আরো অনেক সৈন্য গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি হয়েছে। অপরদিকে ৩ টি সাঁজোয়া যান পুরোপুরি ধ্বংস এবং আরো অনেকগুলো সাঁজোয়া যান মুজাহিদদের হামলায় অকেজো হয়ে গেছে বলে জানা গেছে।

সিরিয়ায় কুফ্ফার বাহিনীর একাধিক অবস্থানে আনসার আল-ইসলামের হামলা

সিরিয়ায় কুখ্যাত নুসাইরী ও রুশ সৈন্যদের একাধিক অবস্থানে হামলা চালানোর কথা জানিয়েছে আনসার আল-ইসলাম।

সিরিয়ায় আল-কায়েদা সমর্থক কুর্দি জিহাদী গ্রুপ 'জামা'আত আনসার আল-ইসলাম' এর মুজাহিদগণ গত ৩ ও ৪ ঠা জুলাই, কুখ্যাত নুসাইরি মিলিশিয়া এবং রাশিয়ান দখলদার সৈন্যদের একাধিক অবস্থান এবং ঘাঁটি টার্গেট করে মিসাইল শেল দিয়ে সফল আঘাত করেছেন। যার ফলে কুফফার বাহিনীর একাধিক অবস্থানস্থল ধ্বংস ও ক্ষতিগ্রস্থ হওয়ার পাশাপাশি বেশ কিছু সৈন্য হতাহতের শিকার হয়েছে।

জানা যায় যে, সিরিয়ার সাহলুল-ঘাব, জোরাইন, আল-বাহসা ও ফুরো অঞ্চলগুলিতে অবস্থিত কুফফার বাহিনীর ঘাঁটিগুলো লক্ষ্য করে এসব হামলা চালিয়েছেন মুজাহিদগণ।

হামলার কিছু দৃশ্য…

https://alfirdaws.org/2021/07/07/50569/

আবারও নেদারল্যান্ডসের হাজিয়া সোফিয়া মসজিদে ইসলাম বিদ্বেষীদের ভাঙচুর

নেদারল্যান্ডসের হাজিয়া সোফিয়া মসজিদে আবারও ভাঙচুর চালানো হয়েছে। এর আগে ২০২০ সালের ডিসেম্বরেও এ মসজিদের জানালা ভাঙচুর করা হয়।

রবিবার (৪ জুলাই) রাতে মসজিদটিতে ভাঙচুর চালানো হয়।

হাজিয়া সোফিয়া মসজিদ ফাউন্ডেশনের বোর্ড চেয়ারম্যান গাজী কিরিক বলেন, আমরা এ ধরনের হামলার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য নিরাপত্তা বাহিনী এবং রাজনীতিবিদদের প্রতি আহ্বান জানাই।

তিনি আরও বলেন, মসজিদে ভাঙচুর চালানো হচ্ছে এমন ফুটেজ পুলিশকে দেওয়া হয়েছে।

নেদারল্যান্ডসের ভিশন ফেডারেশন জানায়, ফেডারেশন অফিসের লাগোয়া মসজিদের জানালা বিয়ারের বোতল দিয়ে ভাঙচুর করা হয়।

সাম্প্রতিক বছরগুলোতে মসজিদ এবং মুসলিমদের বিরুদ্ধে ঘৃণা-বিদ্বেষ ইউরোপজুড়ে বেড়েই চলেছে। অনেকেই ক্ষমতায় যাওয়ার জন্য অভিবাসন এবং ইসলাম বিরোধিতাকে পুঁজি করছে। ফলে ঘৃণা ও বিদ্বেষ বেড়েই চলেছে।

সূত্র: ডেইলি সাবাহ

সোমালিয়ায় আল-কায়েদার তীব্র হামলায় ১৮ কুফ্ফার সৈন্য হতাহত

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় ক্রুসেডার ও মুরতাদ বাহিনীর একাধিক অবস্থানে তীব্র হামলা চালিয়েছেন আল শাবাব মুজাহিদিন। যার ৪ টিতেই কমপক্ষে ১৮ ক্রুসেডার ও মুরতাদ সৈন্য হতাহত হয়েছে।

আল-কায়েদার সংবাদ সংস্থা 'শাহাদাহ্ এজেন্সী'' তাদের এক রিপোর্টে লিখেছে, আজ ৭ জুলাই দক্ষিণ সোমালিয়ার কেন্দ্রীয় শাবেলি রাজ্যের জোহর বিমানবন্দরের কাছে ক্রুসেডার মার্কিন যুক্তরাষ্ট্রের প্রশিক্ষিত সোমালি স্পেশাল ফোর্সের সদস্যদের টার্গেট করে একটি বীরত্বপূর্ণ অভিযান পরিচালনা করেছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এতে স্পেশাল ফোর্সের কমপক্ষে ৮ সদস্য হতাহত হয়েছে।

এদিন একই রাজ্যের কারয়ুলী, বারিরী ও ডানো শহরে ক্রুসেডার উগ্যান্ডার সেনাবাহিনী ও সোমালিয় মুরতাদ সরকারি মিলিশিয়াদের সামরিক ঘাঁটিতে তীব্র হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এখন পর্যন্ত এই হামলায় ৪ সেনা নিহত হওয়ার সংবাদ নিশ্চিত হওয়া গেছে।

অপরদিকে যুবা রাজ্যের কিসমায়ো শহরতলির আফমাদু এবং ইউন্টাউয়ী অঞ্চলে মুরতাদ মিলিশিয়াদের আরও দুটি সামরিক ঘাঁটিতে ভারী অস্ত্র দিয়ে হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এই অভিযানেও এখন পর্যন্ত ২ সেনা নিহত এবং আরও ২ সেনা আহত হওয়ার খবর পাওয়া গেছে।

এমনিভাবে বে-বুকুল রাজ্যের হুদুর শহর ও জিযু রাজ্যের বোর্দোবো শহরে সোমালিয় মুরতাদ বাহিনীর ২টি অস্থায়িতা ঘাঁটিতে হামলা চালিয়ে তা পুড়িয়ে দিয়েছেন মুজাহিদগণ। এসময় বেশ কিছু সৈন্য হতাহত হলে, সকল সৈন্য পালিয়ে যায়। যার ফলে মুরতাদ বাহিনীর ব্যাপক আর্থিক ও সামরিক ক্ষয়ক্ষতি হয়।

সর্বশেষ রাজধানী মোগাদিশুর দাইনিলি জেলায়ও এদিন সফল হামলা চালান আল-শাবাব মুজাহিদিন। মুজাহিদদের সফল এই অভিযানে সোমালি পুলিশ বাহিনীর এক সদস্য নিহত এবং অপর এক পুলিশ সদস্য গুরুতর আহত হয়।

১৬ বছরে পাচার ১১ লাখ কোটি টাকা

অর্থপাচার থামছে না। আমদানি-রপ্তানির সঙ্গে পাল্লা দিয়ে অঙ্কটি বড়ই হচ্ছে। গত ১৬ বছরে দেশ থেকে পাচার হয়ে গেছে অন্তত ১১ লাখ কোটি টাকা। যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনভিত্তিক গবেষণাপ্রতিষ্ঠান গ্লোবাল ফিন্যানশিয়াল ইন্টিগ্রিটির (জিএফআই) প্রতিবেদন বিশ্লেষণ করে এ তথ্য পাওয়া গেছে। এই অর্থ ফেরত আনার উদ্যোগও মুখ থুবড়ে পড়েছে।

বিশ্লেষকরা বলছেন, অর্থপাচারের প্রকৃত চিত্র আরো ভয়াবহ। বর্তমানে এমন অনেক খাতে অর্থপাচার হচ্ছে, যা জিএফআই আমলে নেয় না। আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা প্রতিবেদন প্রকাশ করলে জাতীয় সংসদও সরগরম হয়ে ওঠে।

তর্ক-বিতর্কে একে অন্যকে দোষারোপ করতে দেখা যায়। কিন্তু কিছুদিনের মধ্যেই সব স্তিমিত হয়ে যায়। ওদিকে নীরবে চলতে থাকে বাণিজ্যের নামে অর্থপাচার।

ওদিকে চট্টগ্রাম বন্দরের তথ্য বিশ্লেষণ করে আমদানির কার্গো হ্যান্ডলিংয়ে প্রতিবছর রেকর্ড গড়ার চিত্র দেখা যাচ্ছে। সংশ্লিষ্ট ব্যক্তিরা বলছেন, আমদানি-রপ্তানির পরিমাণ বৃদ্ধি পাওয়ায় ওভার ইনভয়েস এবং আন্ডার ইনভয়েসিংয়ের মাধ্যমে অর্থপাচারের হারও অনেকখানি বেড়েছে।

জিএফআইয়ের তথ্যানুযায়ী, ২০০৫ সালে বাংলাদেশ থেকে পাচার হয়েছে ৪২৬ কোটি মার্কিন ডলার। একই ধারায় ২০০৬ সালে ৩৩৭ কোটি, ২০০৭ সালে ৪০৯ কোটি, ২০০৮ সালে ৬৪৪ কোটি, ২০০৯ সালে ৫১০ কোটি, ২০১০ সালে ৫৪০ কোটি, ২০১১ সালে ৫৯২ কোটি, ২০১২ সালে ৭২২ কোটি, ২০১৩ সালে ৯৬৬ কোটি, ২০১৪ সালে ৯১১ কোটি এবং ২০১৫ সালে এক হাজার ১৫১ কোটি ডলার পাচার হয়। এরপর বাংলাদেশ থেকে আর কোনো তথ্য না পাওয়ার কথা জানিয়ে সংস্থাটি বলেছিল, বিগত বছরগুলোতে অর্থপাচারের ঘটনা অনেকাংশে বেড়েছে। আগের তথ্য-উপাত্ত বিশ্লেষণ এবং অন্যান্য সংস্থার প্রতিবেদন আমলে নিয়ে সংস্থাটি জানিয়েছিল, বর্তমানে বাংলাদেশ থেকে বছরে গড়ে ৬৪ হাজার কোটি টাকা পাচার হয়ে যায়। সে হিসাবে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত পাঁচ বছরে পাচার হয়েছে তিন লাখ ২০ হাজার কোটি টাকা।

বাংলাদেশ ফিন্যানশিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের (বিএফআইইউ) প্রতিবেদন বলছে, প্রধানত ১০টি দেশ এই অর্থপাচারের বড় গন্তব্যস্থল। দেশগুলো হলো সিঙ্গাপুর, মালয়েশিয়া, কানাডা, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সুইজারল্যান্ড, সংযুক্ত আরব আমিরাত, অস্ট্রেলিয়া, হংকং ও থাইল্যান্ড। আর পাচার চলছে মূলত বাণিজ্য কারসাজি ও হুন্ডির মাধ্যমে।

তথ্য বিশ্লেষণে দেখা যায়, গত ১৬ বছরে যে পরিমাণ অর্থপাচারের কথা বলা হচ্ছে, তা সর্বশেষ দুই অর্থবছরের মোট বাজেটের কাছাকাছি। চলতি অর্থবছরের বাজেটের আকার ছয় লাখ তিন হাজার ৬৮১ কোটি এবং আগের অর্থবছরে বাজেট ছিল পাঁচ লাখ ৬৮ হাজার কোটি টাকা। এ ছাড়া পাচারের এই অর্থ দেশের বর্তমান জিডিপির ৩১ শতাংশ। বর্তমানে জিডিপির আকার ৩৫৫ বিলিয়ন ডলার। এই বিপুল পরিমাণ অর্থ পাচার না হলে দেশে বর্তমানে জিডিপির আকার ছাড়িয়ে যেত সাড়ে চার শ বিলিয়ন ডলার।

অনেকে তুলনা করে বলছেন, পাচারের এই টাকা দিয়ে কয়েকটি পদ্মা সেতু বানানো যেত। সরকারের অগ্রাধিকার প্রকল্পের অন্যতম অংশ মেট্রো রেলই বা কতগুলো বানানো সম্ভব ছিল, এ হিসাবও কষছেন কেউ কেউ। উল্লেখ্য, পদ্মা সেতুর ব্যয় ধরা হয়েছে ৩০ হাজার কোটি টাকা এবং মেট্রো রেল প্রকল্পের ব্যয় ২২ হাজার কোটি টাকা। পাচারের এই অর্থ দিয়ে দেশের বড় বড় মেগাপ্রকল্প বাস্তবায়ন করা যেত খুব সহজেই।

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান কালের কণ্ঠ'র অনুসন্ধানী সেলকে বলেন, বাংলাদেশ থেকে টাকা পাচারে যে তথ্য আন্তর্জাতিক সংস্থাগুলো প্রকাশ করছে, সেটাও আংশিক। বাস্তবে পরিমাণ আরো অনেক বেশি। অনেক বিদেশি বাংলাদেশে কাজ করেন। তাঁরা আয়ের বড় একটা অংশ অবৈধভাবে বিদেশে পাঠান। এটাও অর্থপাচার। এই তথ্য কিন্তু বৈশ্বিক সংস্থাগুলো উল্লেখ করে না। তারা শুধু বাণিজ্যের আড়ালে অর্থপাচারের তথ্য দেয়। তিনি আরো বলেন, 'যারা জড়িত তাদের চিহ্নিত করা গেলে অর্থপাচার প্রতিরোধ ও ফেরত আনা যেত। এখানে আমাদের সদিচ্ছার ঘাটতি আছে।

৯৫ শতাংশ মামলা নিষ্পত্তি হয়নি : এদিকে পাচার হওয়া টাকা ফেরত আনার বিষয়ে মুখ থেকে মাঝেমধ্যে জোরালো বক্তব্য শোনা গেলেও তা বাস্তবায়ন হতে দেখা যায় না। আইনি জটিলতা, তদন্তে দীর্ঘসূত্রতা, আদালতে আসামিপক্ষের সময়ক্ষেপণ, সমন্বয়ের অভাব এবং উচ্চ আদালতে স্থগিতাদেশ থাকাসহ নানা জটিলতার কারণে পাচার হওয়া টাকা ফেরত আনা যাচ্ছে না।

তবে অর্থপাচারের ৯৫ শতাংশ মামলাই নিষ্পত্তি হয়নি। মোট মামলার তিন-চতুর্থাংশই পারেনি নিম্ন আদালতের গণ্ডি পেরোতে। সুপ্রিম কোর্ট ও দুদকের তথ্য বলছে, মানি লন্ডারিং প্রতিরোধ আইনে মামলার সংখ্যা ৪০৮, যার মধ্যে ১৮৭টি মামলা দুদকের। ৮৫টি মামলার বিচার চলছে পাঁচ বছরের বেশি সময় ধরে। আর ঢাকায় ১০টি বিশেষ জজ আদালতে বিচারাধীন ১৮৫টি মামলা। এর মধ্যে হাইকোর্টের আদেশে ৫২টি মামলার বিচার কার্যক্রম স্থগিত আছে। আপিল শুনানির অপেক্ষায় আছে ২০টিরও কম মামলা। উচ্চ আদালতে মামলা নিষ্পত্তির সংখ্যাও ২০-এর বেশি নয়।

নিম্ন ও উচ্চ আদালতের তথ্য বলছে, পাচারের অভিযোগে রাজনীতিবিদ, আমলা, ব্যবসায়ীসহ বিভিন্ন প্রতিষ্ঠানের বিরুদ্ধে দায়ের করা মামলাগুলো বছরের পর বছর ধরে বিচারাধীন। সাবেক মন্ত্রী ও বিএনপি নেতা ডক্টর খন্দকার মোশাররফ হোসেন, সাবেক এমপি বিএনপি নেতা হাফিজ ইব্রাহিম, যুবলীগের নেতা ইসমাইল হোসেন চৌধুরী সম্রাট, খালেদ মাহমুদ ভুঁইয়া, ফারমার্স ব্যাংকের অডিট কমিটির সাবেক চেয়ারম্যান মাহবুবুল হক চিশতী, ডিআইজি প্রিজনস পার্থ গোপাল বণিক, ফরিদপুরের আলোচিত দুই ভাই সাজ্জাদ হোসেন বরকত ও ইমতিয়াজ হাসান রুবেলসহ প্রায় দুই শতাধিক ব্যক্তির বিরুদ্ধে দায়ের হওয়া মামলা আটকে আছে।

কালের কণ্ঠ

জালিয়াতি করে ১২০ কোটি টাকা নিয়ে ভারতে চম্পট হিন্দু দম্পতির

বেসরকারি খাতের সাউথইস্ট ব্যাংকের ১২০ কোটি টাকা ঋণ নিয়ে ভারতে পালিয়েছে বাংলাদেশি আগারওয়ালা নামের এক দম্পতি। এরা হল গোপাল আগরওয়ালা ও তার স্ত্রী দীপা আগরওয়ালা। উভয়ই সাউথইস্ট ব্যাংকের নওগাঁ শাখার গ্রাহক। জেএন ইন্ডাস্ট্রিজ এবং শুভ ফিড প্রসেসিং নামে তাদের নামসর্বস্ব দুটি প্রতিষ্ঠান রয়েছে। ২০১৯ সালের ৭ জুলাই চিরতরে ভারতে চলে গেছে। বর্তমানে তারা পশ্চিমবঙ্গের শিলিগুড়ি সেবক

রোডে বসবাস করে। এ দম্পতির ছেলে রাজেন আগরওয়ালা এবং মেয়ে উমা আগরওয়ালাকে আগেই ভারতে স্থায়ীভাবে বসবাস জন্য পাঠিয়েছিল।

তত্ত্বাবধায়ক সরকারের সাবেক অর্থ উপদেষ্টা ড. এবি মির্জ্জা আজিজুল ইসলাম বলেছে, ব্যাংক খাতে এ ধরনের ঘটনার কারণ হলো সুশাসনের অভাব। সুশাসন না থাকায় ব্যাংকের ভেতরের লোকজনের সঙ্গে যোগসাজশে এসব ঋণ দেওয়া হয়। এক্ষেত্রে যে যোগ্য নয়, সেও ঋণ পায়, আবার যে পরিমাণ পাওয়ার যোগ্য তার চেয়ে বহুগুণ দেওয়া হয়। শেষ পর্যন্ত বিদেশে টাকা পাচার, পালিয়ে যাওয়া বা টাকা মেরে দেওয়া হয়। তিনি বলেন, ব্যাংকের টাকা খেয়ে ফেললেও বর্তমানে কোনো শাস্তি নেই। উলটো পুরস্কার দেওয়া হয়।

গোপাল আগারওয়ালা বগুড়ার দুপচাঁচিয়া উপজেলার জগন্নাথ নগরে জেএন ইন্ডাস্ট্রিজ লিমিটেড নামে অটোরাইস মিলের ব্যবস্থাপনা পরিচালক। স্ত্রী দীপা আগারওয়ালা একই স্থানে 'মেসার্স শুভ ফিড প্রসেসিং' নামের একটি নামসর্বস্ব প্রতিষ্ঠানের মালিক। ২০১৬ সালের ৫ সেপ্টেম্বর থেকে ২০১৯ সালের ১৮ মার্চ পর্যন্ত নিজ নামে সাউথ ইস্ট ব্যাংকের নওগাঁ শাখা থেকে ৩ কিস্তিতে ৭৫ কোটি টাকা এবং দীপা আগারওয়ালা ২ কিস্তিতে ২৫ কোটি টাকা ঋণ নেয়। গোপালের নিজ নামে নেওয়া ৭৫ কোটি টাকার মধ্যে ওডি (ওভার ড্রাফট) ঋণ ৫০ কোটি, মেয়াদি ঋণ ১০ কোটি এবং টাইম লোন ১৫ কোটি টাকা। আবার স্ত্রীর নামে নেওয়া ২৫ কোটি টাকার মধ্যে ওডি ২০ কোটি এবং টাইম লোন ৫ কোটি টাকা। ঋণ নেওয়ার সময় বগুড়ায় ৪৩৪ শতক ও দিনাজপুরে ৪০১ দশমিক ৫০ শতক জমি বন্ধক দিয়েছেন। বর্তমানে সুদসহ তা ১২০ কোটি টাকা ছাড়িয়ে গেছে।

জানা গেছে, নওগাঁ শহরের লিটন ব্রিজ এলাকায় আগরওয়ালের ৪ তলা একটি বাড়ি রয়েছে। ভারতে যাওয়ার আগে বাড়িটি ইন্টারন্যাশনাল সোসাইটি ফর কৃষ্ণ কনসাসনেস বা ইসকনকে দিয়ে গেছে।

গোপাল আগরওয়ালার ছোট দুই ভাই রাজকুমার আগরওয়ালা ও সুরেশ আগরওয়ালা বগুড়ার দুপচাঁচিয়ায় ব্যবসা করে। তারা বসবাস করে নওগাঁ শহরে। গোপাল আগরওয়ালার তিন শ্যালক সুভাস পোদ্দার, দিলীপ পোদ্দার এবং প্রদীপ পোদ্দার বগুড়ার তালোরায় থাকছে। প্রতিবেদনে উল্লেখ করা হয়, শ্যালকদের সঙ্গে এ দম্পতির ভালো সম্পর্ক ছিল। এছাড়া ব্যাংক কর্মকর্তাদের সঙ্গেও শ্যালকদের চলাফেরা ছিল।

বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদনে উল্লেখ করা হয়, এ দম্পতি নওগাঁর বড় কোনো ব্যবসায়ী নয়। এরপর সাউথ ইস্ট ব্যাংক কর্তৃপক্ষ অযৌক্তিকভাবে স্থাবর সম্পদের চেয়ে বহুগুণ বেশি অর্থ ঋণ দিয়েছে। আর এ ঋণের টাকা ভারতে পাচার করা হয়েছে। তারা নিজেরাও এখন ভারতে।

জানতে চাইলে ব্যাংকটির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও বর্তমান পরিচালক এমএ কাশেম যুগান্তরকে বলেনকে, শুধু নওগাঁ নয়, আরও কয়েকটি ব্রাঞ্চে এরকম ঘটনা রয়েছে। এর মধ্যে পাবনা এবং চট্টগ্রাম অন্যতম। তিনি বলেন, ঘটনা আমরাও কিছুটা জানি। তিনি আরও বলেন, ব্যাংক যে ঋণ দেয়, তা উদ্যোক্তাদের টাকা নয়। এগুলো গ্রাহকের আমানতের টাকা।

সোমালিয়া | আল-কায়েদার হামলায় ২ যানসহ ১৬ মুরতাদ সৈন্য হতাহত

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ায় দেশটির মুরতাদ বাহিনীর বিরুদ্ধে ৬ জুলাই বেশ কয়েকটি অভিযান চালিয়েছেন শাবাব যোদ্ধারা, যার ৩ টিতেই ৯ সৈন্য নিহত এবং ৭ এর বেশি সৈন্য আহত হয়েছে।

শাহাদাহ্ নিউজ কর্তৃক প্রকাশিত রিপোর্ট অনুযায়ী, হারাকাতুশ শাবাব মুজাহিদগণ সোমালিয়ার দক্ষিণ শাবেলি রাজ্যের জানালি শহরতলিতে মুরতাদ সরকারি বাহিনীকে টার্গেট করে সফল বোমা হামলা চালিয়েছেন। এতে মুরতাদ সেনাদের একটি সামরিক ট্রাক ধ্বংস হওয়া ছাড়াও ৫ সৈন্য নিহত এবং আরও ৪ সৈন্য আহত হয়েছে।

এমনিভাবে দক্ষিন সোমালিয়ার যুবা রাজ্যের কিসমায়োতে মুরতাদ বাহিনীকে টার্গেট করে ৩ টি বোমা হামলা চালিয়েছেন শাবাব মুজাহিদিন। এতে করে মুরতাদ সরকারের ২ সেনা সদস্য নিহত হয়েছে।

অপরদিকে সোমালিয়ার দক্ষিণ-পশ্চিম জিযু রাজ্যের দোলো এবং লুয়াক শহরের মধ্যবর্তী রাস্তায় মুরতাদ বাহিনীর একটি সামরিক কাফেলার উপর হামলা চালান মুজাহিদগণ। যার ফলশ্রুতিতে মুরতাদ বাহিনীর ২ সৈন্য নিহত এবং ৩ সৈন্য আহত হয়েছে। এছাড়াও মুজাহিদগণ মুরতাদ বাহিনীর একটি গাড়ি ধ্বংস এবং অপর একটি গাড়ি গনিমত লাভ করেন।

তালিবানদের ভয়ে কুচক্রী গোয়েন্দাদের দেশে ফিরিয়ে নিচ্ছে হিন্দুত্ববাদী ভারত

আফগানিস্তানে প্রায় ২০ বছরের লড়াই শেষে দেশে ফিরছে ক্লান্ত শ্রান্ত মার্কিন বাহিনী। তালিবান যোদ্ধারা ফের দুর্নিবার গতিতে কাবুলের দিকে এগিয়ে যাচ্ছেন। এ পরিস্থিতিতে রীতিমতো শঙ্কায় ইসলামের দুশমন হিন্দুত্ববাদী ভারত।

ভারতের গণমাধ্যমে বলা হয়, আফগানিস্তান থেকে মালাউন গোয়েন্দা কর্মীদের ফিরিয়ে আনছে নয়া দিল্লি।

ভারতীয় সংবাদ সংস্থা এএনআই জানায়, রাজধানী কাবুলে দূতাবাস ছাড়াও আফগানিস্তানের চারটি প্রধান শহর কান্দাহার, মাজার-ই-শরিফ, জালালাবাদ ও হেরাতে হিন্দুত্ববাদী ভারতের কনস্যুলেট রয়েছে, যেখান থেকে এতোদিন মালাউনরা ইসলামের বিরুদ্ধে চলমান যুদ্ধে দালাল কাবুল প্রশাসন ও পশ্চিমা প্রভুদের সহযোগিতা করতো।

এরই মধ্যে তালিবানদের হামলার আশঙ্কায় জালালাবাদ ও হেরাতের কনস্যুলেট অফিস আগেই বন্ধ করে দিয়েছে ভারত। এবার বাকি দুটি শহরে ভারতীয় কনস্যুলেট বন্ধের প্রক্রিয়া চলছে।

উল্লেখ্য, ২০০১ সালের ১১ সেপ্টেম্বর গ্লোবাল জিহাদী তানজিম আল-কায়েদা যুগের হুবাল মার্কিন যুক্তরাষ্ট্রে ইস্তেশহাদি হামলা পরিচালনা করে। এই বরকতময় হামলার পর তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ ২০০১ সালে ন্যাটোসহ ৪২টি মিত্র দেশ নিয়ে আফগানিস্তানে মুজাহিদদের বিরুদ্ধে একচেটিয়া যুদ্ধের সূচনা করে।

প্রায় দুই দশক ধরে চলমান এই দীর্ঘ মেয়াদি যুদ্ধে পরাজিত হয়ে বর্তমান সুপার পাওয়ার আমেরিকা তার মিত্রদেশগুলো নিয়ে আফগানিস্তান থেকে পিছু হটতে বাধ্য হয়েছে। আগামী ১১ সেপ্টেম্বরের আগে আফগানিস্তান থেকে যুক্তরাষ্ট্র তার সব সৈন্য প্রত্যাহার করবে বলে মার্কিন প্রতিরক্ষা দপ্তর পেন্টাগন থেকে বিবৃতি প্রদান করা হয়েছে। সেই লক্ষ্যে সন্ত্রাসবাদের গডফাদার আমেরিকা তার অর্ধেকের বেশি সৈন্য আফগানিস্তান থেকে প্রত্যাহার করেছে বলে জানা গেছে।

ভারতের সংবাদমাধ্যম এএনআই'র খবরে বলা হয়, কান্দাহার ও মাজার ই শরিফে অবস্থিত ভারতীয় কনস্যুলেটে অন্তত ৫০০ মালাউন গোয়েন্দা ইসলাম ও আফগান মুসলিমদের বিরুদ্ধে কাজ করে। রাজধানী কাবুলের ভারতীয় দূতাবাসেও রয়েছে বহু ইসলাম বিরোধী গোয়েন্দা। তালেবানদের অকল্পনীয় বিজয়ে টালমাটাল পরিস্থিতিতে হিন্দুত্ববাদী মোদি সরকারের কাছে মালাউন গোয়েন্দাদের নিরাপত্তা নিশ্চিত করা এখন বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। ফলে আফগানিস্তানে কর্মরত ভারতীয় গোয়েন্দাদের ফিরিয়ে আনতে বাধ্য হয়েছে নয়া দিল্লি।

উল্লেখ্য, এর আগে গত ১লা জুলাই রাজধানী কাবুলের ভারতীয় দূতাবাস মালাউন গোয়েন্দাদের সতর্ক থাকার আহ্বান জানিয়ে এক বিবৃতিতে বলে, তালিবান আফগানিস্তানের বিভিন্ন শহরে জেলা মুক্তকরণ অভিযান পরিচালনা করছে। মুজাহিদদের নিশানায় রয়েছে কাবুল প্রশাসনের ত্বাগুত সেনাবাহিনী, পশ্চিমাদের পাচাটা দোসর ও আফগানিস্তানে সক্রিয় ইসলাম বিরোধী দালাল চক্র। এসব অভিযান থেকে হিন্দুত্ববাদী গোয়েন্দারা ছাড় পাবেন বলে ভাবার কোনো অবকাশ নেই। বিশেষ করে ভারতীয় মালাউনদের অপহরণের ভয় রয়েছে। তাই আফগানিস্তানে কর্মরত বা ছদ্মবেশে অবস্থানরত ভারতীয় গোয়েন্দাদের অত্যন্ত সতর্ক থাকতে হবে।

ভারতের কাবুল দূতাবাসের ওই নির্দেশিকায় ভারতীয় মালাউনদের আফগানিস্তানে না যাওয়ার পরামর্শও দেওয়া হয়েছিল। পাশাপাশি, সামরিক কনভয় বা সেনা চৌকি থেকে ভারতীয় গোয়েন্দাদের দূরত্ব বজায় রাখার নির্দেশ দেওয়া হয়।

এদিকে, মার্কিন গোয়েন্দাদের আশঙ্কা, আফগানিস্তান থেকে দখলদার বিদেশি সৈন্য সরে গেলে ৬ থেকে ১২ মাসের মধ্যে তালিবান মুজাহিদিনরা রাজধানী কাবুলে ইসলামী শরিয়া ভিত্তিক শক্তিশালী ইসলামী ইমারত প্রতিষ্ঠা করতে সমর্থ হবেন।

০৬ই জুলাই, ২০২১

যুক্তরাষ্ট্রে ৭২ ঘণ্টায় গুলিতে ১৫০ জন নিহত

যুক্তরাষ্ট্রে সশস্ত্র সংঘাত বেড়ে গেছে। দেশটির সবচেয়ে বড় উৎসব স্বাধীনতা দিবস উদযাপনের ঘনঘটার মাঝেই কমপক্ষে ১৫০ জন নিহত হয়েছেন গোলাগুলির ঘটনায়। গত ৭২ ঘণ্টায় রক্তাক্ত এই সহিংসতা হয়েছে। ৪ জুলাই থেকে ৬ জুলাই পর্যন্ত ৪০০ গোলাগুলির ঘটনা ঘটেছে। গান ভায়োলেন্স আর্কাইভের বরাত দিয়ে এ খবর দিয়েছে দেশটির প্রভাবশালী গণমাধ্যম সিএনএন।

বদখশান প্রদেশের ২৮ টি জেলা বিজয় করে নিয়েছেন তালিবান

আফগানিস্তানে তালিবান মুজাহিদদের অগ্রযাত্রা অব্যাহত রয়েছে এবং তারা বিনা লড়াইয়ে একের পর এক শহর ও জেলা কেন্দ্র দখলে নিচ্ছেন। সেই ধারায় তালিবানরা বদখশান প্রদেশের ২৮ জেলা নিয়ন্ত্রণ নিয়েছেন। এসময় হাজারেরও বেশি কাবুল সেনা ভয়ে আশেপাশের তাজিকিস্তান সীমানা হয়ে পালিয়ে যাচ্ছে।

রিপোর্ট অনুযায়ী তালিবান যোদ্ধারা আফগানিস্তানের উত্তরাঞ্চলীয় বদখশান সীমান্তের দিকে খুব দ্রুততার সাথে অগ্রসর হচ্ছেন। যার ফলে শত শত কাবুল সেনা সীমান্ত রেখা পার হয়ে তাজিকিস্তানে প্রবেশ করেছে।

বদখশানে তালিবানদের বিজয়গুলি খুবই অসাধারণ ছিল, কারণ এটি সর্বদা মার্কিন মিত্র নেতাদের একটি শক্ত ঘাঁটি ছিল। যারা ২০০১ সালে তালিবান সরকারকে পরাস্ত করতে ক্রুসেডার মার্কিন যুক্তরাষ্ট্রকে সহায়তা করেছিল। অথচ বর্তমানে তালিবানরা প্রদেশটির যেই জেলার দিকেই অগ্রসর হচ্ছে, সেই জেলা থেকেই কাবুল প্রশাসনের কর্মকর্তারা শুধু পালাচ্ছে আর পালাচ্ছে। আফগান সেনা, পুলিশ এবং গোয়েন্দা কর্মকর্তারা এখন তাদের সামরিক অবস্থান ছেড়ে পালিয়ে গিয়ে তাজিকিস্তান বা বদখশান প্রদেশের রাজধানী ফয়েজাবাদে চলে গেছে এবং ফয়েজাবাদ থেকে রাজধানী কাবুলের উদ্দেশ্যে রওনা হচ্ছে। তাজিকিস্তানের রাষ্ট্রীয় টেলিভিশনের তথ্যমতে, ৫ জুলাই তালিবানদের ভয়ে ৩০০ কাবুল সৈন্য বদখশান থেকে পালিয়ে তাজিকিস্তানে প্রবেশ করেছে।

বদখশানে কাবুল সেকারের কাউন্সিলর সদস্য মহিবুর রহমান আফগান সেনাবাহিনীর জন্য দুঃখ প্রকাশ করে বলেছে যে, তালিবানরা বিনা লড়াইয়ে যুদ্ধে জয়লাভ করছে, কারণ আফগান সেনাবাহিনী ভেঙে পড়েছে, তারা তালিবানদের আসার সংবাদ পেয়েই জেলাগুলো ছেড়ে পালিয়ে যাচ্ছে। গত ৩ দিনে তালিবানরা ১০ টি জেলা দখল করেছে যার মধ্যে ৮ টি জেলাই তালিবানরা বিনা লড়াইয়ে জয় করে নিয়েছে।

তালিবানদের রিপোর্ট অনুযায়ী, বদখশান প্রদেশের সমস্ত জেলা কেন্দ্র দখল করে নিয়েছেন তালিবান মুজাহিদগণ। এখন কেবল প্রাদেশিক রাজধানী ফয়েজাবাদ শহরের মাত্র ২০% এলাকার উপর নিয়ন্ত্রণ রয়েছে

কাবুল বাহিনীর। এই ২০% এলাকাও আবার মুজাহিদদের অবরোধের শিকার। যার ফলে কাবুল সরকারের গুরুত্বপূর্ণ কর্মকর্তারা হেলিকপ্টার দিয়ে রাজধানী কাবুলে পালিয়ে যাচ্ছে।

প্রদেশটির সর্বমোট জেলা সংখ্যা ২৮টি, যার মধ্য থেকে ১০ টি মুজাহিদগণ আগেই বিজয় করে নিয়েছেন। আর এখন এক সপ্তাহের মধ্যে মুজাহিদগণ প্রদেশটির বাকি ১৮ টি জেলাও দখলে নিয়েছেন। আল্লাহু আকবার।

এদিকে তালিবানরা মার্কিন যুক্তরাষ্ট্র ও ন্যাটোকে সতর্ক করে দিয়েছে যে, সেপ্টেম্বরে প্রত্যাহারের সময়সীমার পরে কোনও বিদেশি সেনা আফগানিস্তানে থাকার কথা নয়, অন্যথায় তাদের জীবন অনিরাপদ হয়ে পড়বে।

কূটনীতিক এবং কাবুল আন্তর্জাতিক বিমানবন্দর রক্ষার জন্য এক হাজার মার্কিন সেনা আফগানিস্তানে থাকতে পারে এমন রিপোর্টের পরেই তালিবান এই বিবৃতি দিয়েছে।

০৫ই জুলাই, ২০২১

তালিবানের ভয়ে ১৫৮৭ এরও বেশি কাবুল সেনা তাজিকিস্তান পালিয়েছে

ইমারতে ইসলামিয়া আফগানিস্তানের তালিবান মুজাহিদদের হামলার ভয়ে এক হাজারেরও বেশি মুরতাদ কাবুল সেনা সীমানা পেড়িয়ে তাজিকিস্তান পালিয়ে গেছে বলে জানা গেছে।

তাজিক রাষ্ট্রীয় গণমাধ্যম সীমান্তরক্ষীদের বরাত দিয়ে বলেছে যে, তালিবান মুজাহিদদের সাথে তীব্র সংঘর্ষের পরে আফগান বাহিনী সীমান্ত হয়ে তাজিকিস্তানে প্রবেশ করছে।

তালিবানরা বদখশানের শিকি, নাসি, মিমি, শাগান ও ইশকাশিম জেলায় আক্রমণ করার পরে রবিবার ১০৩৭ জন কাবুল সেনা তাজিকিস্তানে প্রবেশ করেছে বলে জানা গেছে। সর্বমোট গত ৪ দিন ১৫৮৭ কাবুল সেনা সীমান্ত হয়ে তাজিকিস্তান পালিয়েছে।

তাজিকিস্তান সীমান্তের সাথে বদখশান প্রদেশটির দীর্ঘ ৯১০ কিলোমিটার সীমান্তের রয়েছে।

এই ঘটনার তিন দিন আগেও, প্রায় ৩০ কাবুল সেনা তালিবানদের হাত থেকে বাঁচাতে কুনার প্রদেশ থেকে পাকিস্তানে প্রবেশ করে।

সোমালিয়া | শত্রু শিবিরে আল-কায়েদার একাধিক হামলা, হতাহত অনেক

পূর্ব আফ্রিকার দেশ সোমালিয়ার বে-বুকুল, যুবা এবং রাজধানী মোগাদিশুতে ক্রুসেডার ইথিওপিয়ান, কেনিয়ান এবং মুরতাদ সোমালি সেনাদের উপর একাধিক আক্রমণ পরিচালনা করেছেন আল-কায়েদা শাখা হারাকাতুশ শাবাবের জানবায মুজাহিদিন।

আল-শাবাবের নিউজ মিডিয়া 'শাহদাহ এজেন্সি' এর প্রকাশিত রিপোর্ট থেকে জানা গেছে, সোমালিয়ার বে-বুকুল রাজ্যের হুদুর, ওয়াজিদ এবং কানশাদিরী শহরগুলোতে ক্রুসেডার ইথিওপিয়ান ও সোমালি মুরতাদ সেনাদের উপর একাধিক হামলা চালিয়েছেন শাবাব মুজাহিদিনরা। হারাকাতুশ শাবাব তাদের প্রতিটি হামলায় কুফ্ফার বাহিনীর ব্যাপক ক্ষয়ক্ষতির কথা নিশ্চিত করেছেন, তবে ক্ষয়ক্ষতির পরিমাণ সুনির্দিষ্ট করে বলা হয়নি।

এমনিভাবে দক্ষিণ সোমালিয়ার যুবা রাজ্যের কিসমায়ো অঞ্চলের হুযিনযো এবং বার্সাঞ্জুনি শহরে ক্রুসেডার কেনিয়ান সেনাদের উপর হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিন। এসব এলকায় মুজাহিদদের পৃথক দুটি হামলাতেই কেনিয়ার বেশ কিছু ক্রুসেডার সেনা হতাহত হয়েছে।

অপরদিকে সোমালিয়ার রাজধানী মোগাদিশুর হাদান জেলার সিবিয়ানো এলাকায় মুরতাদ সোমালি সেনাদের একটি ব্যারাকে সফল হামলা চালিয়েছেন হারাকাতুশ শাবাব মুজাহিদিনরা। হামলায় বেশ কিছু মুরতাদ সেনা হতাহত হওয়ার খবর পাওয়া গেছে।

পশ্চিমতীরে দখলদার ইজরাইলিদের গুলিতে ফিলিস্তিনি যুবক নিহত

পশ্চিমতীরের নাবলাস শহরের দক্ষিণাঞ্চলীয় একটি গ্রামে এক ফিলিস্তিনি যুবককে গুলি করে হত্যা করেছে দখলদার ইজরাইলি বাহিনী। ফিলিস্তিনের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, ইজরাইলি বাহিনীর হাতে নিহত যুবকের নাম মোহাম্মদ ফারিদ হাসান। খবর আল জাজিরার।

ফিলিস্তিনি বার্তা সংস্থা ওয়াফা জানিয়েছে, ২০ বছর বয়সী এক ফিলিস্তিনি যুবককে গুলি করে হত্যা করা হয়েছে। কুসরা গ্রামে নিজের বাড়ি ছাদে দাঁড়িয়ে থাকা অবস্থায় দখলদার বাহিনীর গুলি এসে তার বুকে লাগে। গুলিবিদ্ধ অবস্থায়ই তার মৃত্যু হয়েছে।

পশ্চিমতীরের বেশ কয়েকটি জায়গায় দখলদার ইজরাইলি বসতি সম্প্রসারণের বিরুদ্ধে সপ্তাহব্যাপী বিক্ষোভ করে আসছে ফিলিস্তিনিরা।

কথিত লকডাউনে কাজ বন্ধ, সন্তানদের খাবার দিতে না পেরে বাবার আত্মহত্যা

অভাবের কারণে পরিবারে কলহ চলে আসছিল। কথিত লকডাউনে কাজ পুরোপুরি বন্ধ হয়ে গেলে পারিবারিক কলহ আরও বেড়ে যায়।

সেই কলহের জের ধরেই মুন্সিগঞ্জ সদরে দ্বীন ইসলাম (২৫) নামে এক দিনমজুর ফাঁস দিয়ে আত্মহত্যা করেছেন। রোববার (৪ জুলাই) দুপুর ২টার দিকে সদর উপজেলার পশ্চিম মুক্তারপুর এলাকায় নিজ বাড়ি থেকে তার মরদেহ উদ্ধার করা হয়।

দ্বীন ইসলাম বরিশাল জেলার কাউনিয়া এলাকার গৌতমের ছেলে। তিনি মা, স্ত্রী ও দুই ছেলেমেয়ে নিয়ে মুক্তারপুর এলাকায় ভাড়া বাসায় থাকতেন।

নিহতের পরিবার ও স্থানীয় সূত্রে জানা যায়, অভাবের কারণে আগে থেকেই কলহ ছিল পরিবারে। করোনার কারণে কাজ না থাকায় সংসার চালাতে হিমশিম খাচ্ছিলেন দ্বীন ইসলাম। এ নিয়ে স্ত্রী শাহিদা বেগমের সঙ্গে তার কলহ আরও বেড়ে যায়। রোববার সকালে ফের স্বামী-স্ত্রীর ঝগড়া হয়। এ সময় স্ত্রীকে ঘর থেকে বের করে দেন দ্বীন ইসলাম। পরে দরজা বন্ধ করে ঘরের আড়ার সঙ্গে ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করেন তিনি।

নিহতের মা জুলেখা বেগম বলেন, লকডাউনের কারণে কাজ ছিল না দ্বীন ইসলামের। ছেলে-মেয়ে খাবার চাইত। এ নিয়ে সংসারে সমস্যা। কাজ নেই, পুলাপাইনের মুখে ভাত দিতে পারে না, তাই অভিমানে মরে গেছে।

নিহতের স্ত্রী শাহিদা বেগম বলেন, লকডাউনে কাজ ছিল না। ঘরে বাজার-সদাই কিছুই নেই। পুলাপাইনরে খাওয়াইতে পারছিলাম না। সংসারে অভাব দেইখা মনে করছে পুলাপাইনরে খাওয়াইতে পারি না, বাইচা থাইকা কী করুম। উনি তো মইরা গেছে, আমি কি করুম? লকডাউন খুললে কাজ করে আমাদের খাওয়াইতে পারত। আমি তো তাও পারুম না।

উল্লেখ্য, ইসলামে আত্মহত্যা মহাপাপ। বর্তমানে তামাশার লকডাউনের কারণে শুধু দ্বীন ইসলামের পরিবারই নয় এমন লাখো পরিবার অভাবের তাড়নায় কাতরাচ্ছে। সুতরাং এ হত্যার জন্য তারাই দায়ী যারা গরীবের খাবারের ব্যবস্থা না করে প্রহসনের লকডাউন দিয়ে মানুষের জীবনকে অতিষ্ট করে তুলছে।

সেনাবাহিনী ও ম্যাজিস্ট্রেট কর্তৃক বিয়ের আসর পণ্ড, অতঃপর ঘুষ আদায়

ত্বাগুত প্রশাসনের কথিত লকডাউন অমান্য করে ফেনীর সোনাগাজীতে শরীয়ত সম্মত বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করায়, ভরা মজলিসে সেনাবাহিনী নিয়ে হানা দিয়ে বিয়ের আসর পণ্ড করে দিয়েছে ত্বাগুত সরকারের নির্বাহী ম্যাজিস্ট্রেট।

জানা যায়, গত ৪ ঠা জুলাই রবিবার ফেনীর সোনাগাজী উপজেলার আমিরাবাদ ইউনিয়নের একটি বিয়ের আসরে হঠকারী ত্বাগুত প্রশাসনের এরূপ প্রহসনে এলাকাতে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

স্থানীয় আমিরাবাদ ইউপি চেয়ারম্যান জহিরুল আলম জানায়, ত্বাগুত সরকারের ঘোষিত কঠোর লকডাউন অমান্য করে ইউনিয়নের সফরপুর ছলিম উদ্দিন মুন্সি বাড়িতে হেদায়েত উল্লাহর মেয়ের বিয়ের আয়োজন করা হয়েছিল। খবর পেয়ে টহলরত সেনা সদস্যদের নিয়ে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) জাকির হোসেন বিয়ে বাড়িতে অভিযান চালায়।

জানা যায়, বিয়ের আসরে হঠাৎই ম্যাজিস্ট্রেট সহ সেনাবাহিনীর উপস্থিতি দেখে বরযাত্রীসহ আতঙ্কিত সব অতিথিরা দিগ্বিদিক ছোটাছুটি শুরু করে দেন। ত্বাগুত প্রশাসনের জেল-জরিমানা থেকে বাঁচতে আমন্ত্রিত অতিথিদের অনেকেই এ সময় পাশের বিভিন্ন বাড়ি-ঘরে গিয়ে আশ্রয় নেন।

পরে কনের বাবা ম্যাজিস্ট্রেটকে ১০ হাজার টাকা ঘুষ দিয়ে স্বল্প পরিসরে মেয়ের বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন করেন।

করিম মিয়া নামে এক অতিথি বলেন,"বিয়ে বাড়িতে খাবার খেতে বসে শুনি সেনাবাহিনী নিয়ে ম্যাজিস্ট্রেট তাণ্ডব চালাতে চলে এসেছে। ভয়ে হাত না ধুয়েই দৌড়ে পাশের বাড়িতে আশ্রয় নিই। অনেক মেহমান বিয়ের ভোজ না খেয়েই পালিয়ে গেছেন।"

https://ibb.co/Y0MgKfN

পাকিস্তান | মুরতাদ সেনাদের চেকপোস্টে টিটিপির সফল হামলা, ৫ সেনা হতাহত

পাকিস্তানে বাজুর এজেন্সিতে দেশটির মুরতাদ সেনাদের ২টি চেকপোস্টে পৃথক অপারেশন পরিচালনা করেছেন তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) জানবায মুজাহিদিনগণ।

উমর মিডিয়া ফাউন্ডেশনের রিপোর্ট হতে জানা গেছে, বাজুর এজেন্সির সীমান্ত এলাকায় প্রথম হামলাটি চালানো হয়। যার ফলে মুরতাদ সেনাদের একটি গাড়ি মুজাহিদদের এ্যামবুশের শিকার হয়। এসময় মুজাহিদদের গুলিতে ৫ মুরতাদ সেনা ঘটনাস্থলেই হতাহত হয়।

একই জেলার শিনদাই কামার এলাকায় মুরতাদ সেনাদের অপর একটি চেকপোস্টে হালকা ও ভারী অস্ত্র দিয়ে হামলা চালান টিটিপির মুজাহিদগণ। এখানেও মুরতাদ সেনাদের জান-মাল ও রসদ-পত্রের ক্ষতি হয়। অভিযান শেষ করে মুজাহিদগণ নিরাপদে ক্যাম্পে ফিরে যান।

তেহরিক-ই-তালিবান পাকিস্তানের (টিটিপি) কেন্দ্রীয় মুখপাত্র- মুহাম্মাদ খোরাসানি (হাফিযাহুল্লাহ) উভয় হামলার সত্যতা নিশ্চিত করেছেন।

তাখার প্রদেশে রাজধানী ব্যতীত ১৬টি জেলা তালিবান মুজাহিদিনের নিয়ন্ত্রণে

একসময় আফগানিস্তানে আহমদ শাহ মাসউদের দুর্গ হিসাবে পরিচিত তাখার প্রদেশের ৯৭ শতাংশেরও বেশি এলাকা এখন তালিবানদের নিয়ন্ত্রণে চলে এসেছে ।

তালিবান যোদ্ধারা গত মে মাসের পরে শুরু হওয়া তীব্র আক্রমণে মাধ্যমে তাখার প্রদেশ জুড়ে ব্যাপক অগ্রগতি লাভ করেছেন। তালিবানরা স্থানীয় জনগণ এবং বিশেষত সশস্ত্র দলগুলির সাথে চুক্তিবদ্ধ হওয়াকে অগ্রাধিকার দিয়েছেন।

সর্বশেষ গত ৪ জুলাই সন্ধ্যায় তাখার প্রদেশের ওয়ারসাহ জেলা বিজয়ের মধ্যদিয়ে প্রদেশটির ১৭টি জেলার মধ্যে ১৬ টি জেলাই তালিবানদের নিয়ন্ত্রণে এসেছে। ২০১৩ সালের পরে তাখারে যুদ্ধ শুরু হওয়ার পর তালিবান মুজাহিদিনরা গত ২ মাসে ১৪ টি জেলা সর্বশেষ গতকাল ২টি জেলা নিয়ন্ত্রণে নিয়েছেন।

তাখার প্রদেশ, যা কাবুল সরকারের সবচেয়ে শক্তিশালী প্রদেশগুলির মধ্যে একটি ছিল। বর্তমানে প্রদেশটির কেবলমাত্র তালকান জেলা কেন্দ্র কাবুল সরকারের নিয়ন্ত্রণ রয়েছে, যা প্রাদেশিক কেন্দ্র। জানা গেছে যে, তালকান শহরটিও বর্তমানে তালিবান মুজাহিদিনরা ঘেরাও করে রেখেছেন। যেকোন সময় শহরটির নিয়ন্ত্রণ নিতে পারেন তালিবান মুজাহিদিনরা।

https://ibb.co/Px7Hjnr

তাখার প্রদেশ এবং বিশেষত তালকান শহরটি ছিল আফগানিস্তানের সাম্প্রতিক ইতিহাসের অন্যতম বিতর্কিত ব্যক্তিত্ব আহমদ শাহ মাসউদের দুর্গ। তালকান সোভিয়েত ইউনিয়ন ও ১৯৭৯-১৯৯৬ সালের গৃহযুদ্ধের সময় এবং ১৯৯৬-২০০১-এর মধ্যে তালিবান মুজাহিদদের বিরুদ্ধে যুদ্ধে মাসউদের কেন্দ্র ছিল। তালকান ১৯৯৬-২০০১ সময়কালে তালিবান কর্তৃক দখল করা সর্বশেষ শহরের মধ্যে একটি। যেটি ৯/১১ এর আগে আল-কায়েদা কর্তৃক এক শহিদী হামলার মাধ্যমে বিজয় করেছিল তালিবান।

অবৈধ রাষ্ট্র ইসরাইলে রাষ্ট্রদূত নিয়োগ দিল বাহরাইন

জাজিরাতুল আরবের ভূমি ও ক্ষুদ্র আরব উপদ্বীপ বাহরাইন দখলদার ইসরাইলের সাথে সম্পর্ক স্বাভাবিক করার পর প্রথমবারের মতো ইসরাইলে রাষ্ট্রদূত নিয়োগ দিয়েছে।

জানা যায়, বাহরাইন গত ২৯ জুন মঙ্গলবার মিডিয়ায় প্রকাশ্য ঘোষণা করে দখলদার ইসরাইলে নিজেদের প্রথম রাষ্ট্রদূত নিয়োগ দিয়েছে।

গত বছর সন্ত্রাসী ইসরাইলের সাথে করা সম্পর্ক স্বাভাবিকরণের অংশ হিসেবে বাহরাইন অবৈধ রাষ্ট্রটিতে এ রাষ্ট্রদূত নিয়োগ দিয়েছে।

বাহরাইনের রাষ্ট্রয়ত্ব সংবাদ মাধ্যম জানায়, ইউসিফ আল জালাহামা হচ্ছে ইহুদিবাদী ইসরাইলে বাহরাইনের নিযুক্ত প্রথম রাষ্ট্রীয় দূত।

উল্লেখ্য, এই ইউসিফ পূর্বে মার্কিন যুক্তরাষ্ট্রে বাইরাইনের সহকারী রাষ্ট্রদূত হিসাবে কর্মরত ছিল। তাছাড়াও সে বাহরাইনের কূটনৈতিক বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করেছে।

গত মার্চ মাসে বাহরাইন ও অবৈধ রাষ্ট্র ইসরাইলের মধ্যকার প্রথম দ্বিপাক্ষিক রাষ্ট্রদূত নিয়োগের ঘোষণা প্রকাশ করা হয়। ইসরাইলি পররাষ্ট্রমন্ত্রী গাবি আশকেনাজি তখন নিয়োগ সংক্রান্ত এ ঘোষণাটির অনুমোদন দিয়েছিল।

ঐ সময় দখলদার ইসরাইলের পররাষ্ট্রমন্ত্রী গাবি বাহরাইনের পররাষ্ট্রমন্ত্রী আব্দুল লাতিফ বিন রাশিদ আল জায়ানিকে বলে,"বাহরাইন সরকার কর্তৃক ইসরাইলে রাষ্ট্রদূত নিয়োগের গৃহীত সিদ্ধান্ত উভয় দেশের মধ্যকার শান্তিচুক্তি বাস্তবায়ন ও সম্পর্ক দৃঢ়কল্পে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।"

তাছাড়াও বাহরাইনি পররাষ্ট্রমন্ত্রী আব্দুল লাতিফের সাথে আলাপকালে ইসরাইলি পররাষ্ট্রমন্ত্রী গাবি বাহরাইন প্রশাসনের গৃহীত সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে, ইসরাইল-বাহরাইন দ্বিপাক্ষিক শক্তিশালী বন্ধুত্ব স্থাপনে বাহরাইন সরকারকে ধন্যবাদ জানায়। এ সময় ইসরাইলি পররাষ্ট্রমন্ত্রী গাবি বাহরাইন রাজার দৃঢ় নেতৃত্বেরও প্রসংশা করে।

উল্লেখ্য, দখলদার ইসরাইলি মিডিয়ার মতে, বাহরাইন কর্তৃক ইসরাইলের সাথে সম্পর্ক স্বাভাবিক করে অফিশিয়ালি রাষ্ট্রদূত নিয়োগের পূর্বেও রাজধানী মানামায় ইসরাইলের গোপন কূটনৈতিক অফিস ছিল যা এতোদিন ইসরাইলি দূতাবাস হিসাবে বাহরাইনে ব্যবহৃত হয়ে আসছিল।

গত বছর আমিরাতের সাথে সম্পর্ক স্বাভাবিকরণের পর, প্রথম অফিশিয়াল ভ্রমণে সন্ত্রাসী ইসরাইলের পররাষ্ট্রমন্ত্রী ইয়ায়ির লাপিদ যেদিন সংযুক্ত আরব আমিরাতে ইসরাইলি দূতাবাসের উদ্বোধন করে, সেদিনই দখলদার ইসরাইলে বাহরাইনের রাষ্ট্রদূত নিয়োগের ঘোষণা আসে।

https://ibb.co/Sx5ZPcn

কথিত শাটডাউনে উপায়হীন সাধারণ মানুষ; বাড়ছে ভোগান্তি

তামাশার কথিত লকডাউন/ শাটডাউনে বাংলাদেশের রাজধানীসহ সারা দেশে দিন এনে দিন খাওয়া মানুষেরা চরম বিপদে পড়েছেন। কাজ নেই আবার কোনো সহায়তাও পচ্ছেন না। রিকশা চললেও যাত্রী না থাকায় চালকরা দিশেহারা, কাজহীন দিনমজুর ও নির্মাণ শ্রমিকরা।

দিন আনে দিন খায় এ মানুষদের সংখ্যা আমাদের দেশে বেশি, যাদের একদিন ইনকাম বন্ধ থাকলে পুরো পরিবারটিকেই না খেয়ে থাকতে হয়।

লকডাউনের আযাবে ঘরে ঘরে ক্ষুধার্ত মানুষের হাহাকার। দুধের বাচ্চার কান্নার রোনাজারি। মাসুম শিশুর আর্তনাদে আকাশ বাতাস ভারি হয়ে যাচ্ছে ক্রমশ।
এমন কোন ঘর নেই যে ঘরে খাবারের অভাব নেই। পরিবারের যারা কর্তা তারা না হয় ৩ বেলার জায়গায় একবেলা খেয়ে থাকতে পারে কিন্তু মাসুম বাচ্চারা না খেয়ে কয়দিন বাঁচবে তা কারো জানা নেই।

এভাবে চলতে থাকলে গরীব মানুষ আরো হতাশ হয়ে যাবে। বিনা খাদ্যে মারা যেতে হবে।
জনগন তো সরকারের কাছে ভিক্ষা চায়না। চায়না কোন অনুদান, যদিও অনুদানের টাকা আসে জনগনের কষ্টার্জিত ট্যাক্সের টাকা হতে। জনগন চায় শুধু কর্ম করে জীবিকা চালাতে। পেটপুরে ডালভাত খেতে। পরিবারের মুখে হাসি ফোটাতে। কিন্তু সরকার সেই কর্ম জোর করে ছিনতাই করে নিলো লকডাউন দিয়ে।
এই কোটি কোটি মানুষ মিলে একটা দীর্ঘশ্বাস ফেললে তার ভার বহন করতে পারবে??

